www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Best Training For
WBCS, SSC
(CGL, CHSL, MTS),
PSC, BANK, RAIL
✆ 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

BILASPUR UNIVERSITY
বিভিন্ন কলেজে M.A (Geo, Hist, Pol.Sc, Sanskrit) M.Sc (Phy, Math, Chem, Zoology, Botany, Microbiology) কম খরচে ভর্তি চলিতেছে।
M : 7797577702

বর্ষ ৩৮ সংখ্যা ৪৭ কলকাতা শুক্রবার, ২২ জুন ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৭ আষাঢ় ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯

২৩৯ জন পোস্টম্যান ও মেলগার্ড নেবে ভারতীয় ডাকবিভাগ। মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা আবেদন করবেন। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Rectt/X-16/DR/2016-17.

ডিভিশন অনুসারে শূন্যপদের বিবরণ: পোস্টম্যান: দক্ষিণ কলকাতা: ২৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪,

এরপর চোদ্দোর পাতায়

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## দিল্লি এইমসে ৫৫১ নার্সিং অফিসার

নার্সিং অফিসার পদে ৫৫১ জন কর্মী নেবে দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2018.

শূন্যপদের বিন্যাস: মোট শূন্যপদ ৫৫১টি (সাধারণ ২৭৯, তফসিলি জাতি ৮২, তফসিলি উপজাতি ৪১, ও বি সি ১৪৯)। এর মধ্যে ৩১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। একটি পা ক্ষতিগ্রস্ত হলে আবেদন করতে পারবেন।

শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা এবং সেইসঙ্গে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১২-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৬ সেপ্টেম্বর (রবিবার)। পরীক্ষা নেওয়া হবে দেশের বড় শহরগুলিতে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.aiimsexams.org

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org অনলাইন আবেদনের শেষ তারিখ ১২ জুলাই। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ বা পি এন জি বা জি

এরপর চোদ্দোর পাতায়

## রাজ্যের সরকারি হাসপাতালে ৫৯০ ফার্মাসিস্ট

ফার্মাসিস্ট (গ্রেড-থ্রি) পদে ৫৯০ জনকে নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২ মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম তথ্য জানানো হয়েছিল। এই সংখ্যায় ফার্মাসিস্ট পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা-সহ দরখাস্ত করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MT/Phar./Physio./48/3/2018.

শূন্যপদের বিন্যাস: মোট শূন্যপদ: ৫৯০টি (সাধারণ ৩০৪, তফসিলি জাতি ১৩১, তফসিলি উপজাতি ৩৫, ও বি সি-এ ৫৯, ও বি সি-বি ৪২, দৈহিক প্রতিবন্ধী ১৯)। শিক্ষাগত যোগ্যতা:

এরপর চোদ্দোর পাতায়

## রাজ্য জুড়ে প্রায় ৪৩০০০ আসনে
## ডি এল এড কোর্সে ভর্তি-প্রক্রিয়া শুরু

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের অনুমোদনপ্রাপ্ত এবং এন সি টি ই কর্তৃক স্বীকৃত রাজ্যের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) কোর্সে ভর্তির আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। আসনসংখ্যা প্রায় ৪৩ হাজার। কোর্সের মেয়াদ ২ বছর।

উল্লেখ্য, রাজ্যের সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত প্রাইমারি স্কুলগুলিতে শিক্ষকতার ক্ষেত্রে এই প্রশিক্ষণ থাকা বাধ্যতামূলক। অনলাইন আবেদন করা যাবে ২৬ জুন পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন। ভোকেশনাল শাখার ক্ষেত্রেও ৫০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

বয়স: ১-৭-২০১৮ তারিখে বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি

এরপর চোদ্দোর পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ

বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বাণিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে ১০০% চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৫৪৮০২৭১৩৪ নম্বরে। visit : www.tiem.co.in

পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ
TIEM®
Govt. Reg. : S/2L/No. 33016
Admissions OPEN
100% JOB GUARANTEE
Else Money Back
কোর্স করলেই দেশ বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি
Hotel & Hospitality Management
Training & Placement
TAJ Hotels Resorts and Palaces
WESTIN HOTELS & RESORTS
FOUR POINTS BY SHERATON
HYATT
Radisson HOTELS & RESORTS
NOVOTEL HOTELS & RESORTS
PRIDE
RAMADA
JW MARRIOTT



কেন TIEM-এ ভর্তি হবেন ?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা। ❖ Installment এ Course Fees দেওয়ার সুবিধা। ❖ নুন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free.
কোর্স করতে করতে Income-এর সুযোগ
Tamluk Campus :
Hospital More, Tamluk,
Purba Medinipur
9134049034/7548027134
Kolkata Campus :
6, Seal's Garden Lane
Kolkata - 700 002
9002469602/9134050664

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
GNM / BSC NURSING STUDENT রা LAST YEAR PRACTICE PERIOD এ 10000/15000 Monthly REMUNERATION পাবে (100%)।
H.S. Pass ছেলে ও মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে



BDS MISSION
Rekha Apartment, Balia More,
Garia Stn. Road, Kol-84
M.: 9474753825 / 7890022334



GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

## উত্তর ২৪ পরগনায় ৬৫৮
### অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা

অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে ৬৫৮ জন মহিলা কর্মী নেবে উত্তর চব্বিশ পরগনা জেলার শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের অফিস। নিয়োগ করা হবে এইসব পৌরসভা এবং পঞ্চায়েত এলাকাগুলিতে আমডাঙা, বাগদা, বরানগর, বারাসাত (শহর), ব্যারাকপুর (শহর), ব্যারাকপুর-১, ব্যারাকপুর-২, বসিরহাট-২, ভাটপাড়া, ভাটপাড়া-২, বনগাঁ (শহর), দেগঙ্গা, দমদম (শহর), গাইঘাটা, গোবরডাঙা, হাবড়া-২,

এরপর চোদ্দোর পাতায়

## ভারত ইলেক্ট্রনিক্সে ৪৮০ ইঞ্জিনিয়ার

৪৮০ জন ইঞ্জিনিয়ার নেবে ভারত ইলেক্ট্রনিক্স। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ২০১৯-এর লোকসভা ও রাজ্য বিধানসভাগুলির নির্বাচনে ব্যবহৃত ইলেক্ট্রনিক ভোটিং মেশিনগুলির ফার্স্ট লেভেল চেকিং ও সংশ্লিষ্ট অন্যান্য কাজের জন্য এই নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। নিয়োগ হবে ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন এবং ইনফর্মেশন টেকনোলজি শাখায়, কলটিক, পাটনা,

এরপর চোদ্দোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪৭ □ ২২ জুন ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি
**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাংকে ৭ দিনে স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাংক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45. PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17G, বেহালা বাসস্ট্যান্ড, M: 77187-18137.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি
ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 80174-18654. Need Counseling, ডানলপ-108.

□

### Bright Service
**URGENT VACANCY**
**Mo. 75518-14141**

গ্যারান্টি-সহ বন্দরে বিভিন্ন পদে সরাসরি কাজের নিয়োগ চলছে। বয়স: (17-42), যোগ্যতা: (অষ্টম-স্নাতক), বেতন: 16,500/- – 52,500/- সঙ্গে থাকা, খাওয়া, কোম্পানির খরচ। এছাড়া সঙ্গে PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুব্যবস্থা আছে। পোস্টিং এরিয়া: খিদিরপুর, হলদিয়া, আন্দামান, মুম্বই, চেন্নাই, গোয়া, বিশাখাপত্তনম, আরও অন্যান্য স্থানে। যোগাযোগ: Mo: 75518-15577, স্টেশন রোড, রানাঘাট, নদিয়া।

□

### ভ্যাকান্সি
**Mob: 8145109987**

সরকারি নিয়ম মেনে এয়ারপোর্ট, মেট্রো ও বিভিন্ন Pvt Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে চাকরি। M/F চাই, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বেতন: 12,500/- – 45,700/-, OT, PF, ESI বোনাস, প্রমোশন-সহ ছুটির বিশেষ সুবিধা। থাকা ও খাওয়া ফ্রি। বিশদ জানতে সত্বর যোগাযোগ করুন: (M) 81451-09987, Compass, 4, Govt. Place (N), Kol-1.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

৬ জুলাই কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### VODA/JIO কাস্টমার কেয়ার ও ব্যাঙ্কিং প্রসেসে
**SPOT SELECTION**

বাংলা প্রসেসে রাজ্যের বিভিন্ন জেলা থেকে MP-Graduate (18-35) M/F নিয়োগ। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 10,950/- + হোস্টেল সুবিধা। প্রয়োজনে অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা। IIFA, Kol-28. দমদম (H. O.): 84206-66060 শিলিগুড়ি: 98307-71003 দমদম (উঃ): 99032-23211 বর্ধমান: 98301-88881, গড়িয়া: 90020-33880

□

### এয়ারপোর্ট ও মেট্রো গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে
**স্থায়ী জব Govt. Regd.**
**R/L No.: 13794**
**M: 87688-22677**

কোনও ডোনেশন ছাড়া গ্যারান্টি সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। B. C, 126/38 Garia St. Rd.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- – ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 86979-66868, নর্থ/সাউথ ২৪ পরগনা: 78908-24031, বর্ধমান/ হুগলি: 74494-06185, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463.

□

### Pvt ব্যাঙ্কে চাকরি
**Govt. Reg.-L/No- 627152**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলাই সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- – ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাট, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

### Bank KYC-তে 22 জন কম্পিউটার অপারেটর
স্থায়ীপদে অফিসিয়াল Database Operate করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, ডানলপ, কোল-১০৮। বারাসাত: 83368-25979, কলকাতা: 83368-25980.

□

### স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে
সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gcajob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7. (M): 77184-52562.

□

SBI/ Dish TV/ Vodafone কাস্টঃ কেয়ারে বাংলা ভাষা জানা ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: MP-Graduate. বেতন: যোগ্যতানুসারে INC + OT-সহ 10,800/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 90517-30543.

□

### DIRECT নিয়োগ
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা
**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T, Rd, Nowa Para, শ্যামনগর।

□

### ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়
**Govt. Regd. L/No.-6630**, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট
**Govt. Regd. L/No.: WB 6290**
**M: 8327062290**

সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা। Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-), OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। S. Corporate, Ichapur, Pin-743144.

□

### সরাসরি নিয়োগ
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

### হোটেলে চাকরি
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

Voda/ Jio কাস্টঃ কেয়ারে বাংলা/ হিন্দি M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-H.S. বেতন: INC+OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 90075-59111.

□

## কর্মখালি

### ভারতের সর্বত্র স্টার হোটেলে
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

### এয়ারপোর্ট ও মেট্রো
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

কাস্টমার কেয়ার/BANKING/MNC-তে Spot নিয়োগ চলছে। জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-. P.F., ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. কলকাতা, হাওড়া: 98007-80569, বাঁকুড়া, মেদিনীপুর: 84368-61388,

□

### ফার্মাসিস্ট এবং GNM সিস্টার চাই
আরোগ্য নার্সিংহোমে (ডাঃ সোমের নার্সিংহোম) হাওড়া-রামরাজাতলার নিকট নতুনরাস্তার মোড়। রেসিডেনসিয়াল/ নন-রেসিডেনসিয়াল, পার্টটাইম/ ফুলটাইম ফ্রেশার ফার্মাসিস্ট এবং GNM সিস্টার চাই। যোগাযোগ: 98300-39698 (11.00 AM to 4.00 PM).

□

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারে (চক্ষু হাসপাতাল) - Kolkata উঃ মাধ্যমিক / স্নাতক যুবক ও যুবতী আবশ্যক। ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে By Email – career.susrut@gmail.com বয়সসীমা ২৫ বছরের মধ্যে হতে হবে। টাইপিং স্পিড ৩০ ওয়ার্ড / মিনিট। যোগাযোগ: 90739-97720 (10am - 5pm). Address: HB-36/A/1, Salt Lake City, Sec-III, Kol-106.

□

কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

URGENT NOTICE: REQUIRED GRADUATE (B.A./ B. SC/B. COM), FRESH CIVIL ENGINEER (B. TECH/ DIPLOMA), RETIRED BANKER, RETIRED VALUER (L & B) KUNDU & ASSOCIATES, 29-B, BAROWARYTALA ROAD, KOLKATA-700 010. PH: 99032-38614 / 99032-85004.

□

SBI/ HDFC/ JIO-4G/ VODAFONE/ NAAPTOL-এ সরাসরি অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী M/F URGENT চাই। বেতন: 10,912/- – 32,737/- (PF-ESI+INC). W2C, দমদম: 83348-59516 বালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর: 98743-49135.

## স্কুল-কলেজ শিক্ষা

### প্যারামেডিকেল ও নার্সিং
DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিকেল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীত। 82729-11322 / 90623-62321.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং ট্রেনি (100% Job)
**Shree Jain Hospital and Research** Centre (Howrah) A.N.M (BSS Govt. of India Approved) G.N.M, B.Sc., P.B.Sc. (KNC) Admission Open. Mob.: 98832-48370, 75968-74246.

□

### NCVT কোর্সে ভর্তি চলছে
কর্মসংস্থানের সুযোগ পেতে হলে, সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চন্ডীপুর উন্নয়ন কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার। 94330-78824, 98744-49706.

□

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কলেজ, বালিগঞ্জ
মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98043-21839, 97326-84328.

□

**Math & Eng. সোনারপুর Rail** (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### ANM নার্সিং ট্রেনিং
জুলাই সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। এছাড়াও DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও), X-Ray ও Ecg কোর্সে সরাসরি ভর্তি চলছে। ২০তম বর্ষে প্রতিটি কোর্সে ভর্তির সঙ্গে স্কুলব্যাগ বিনামূল্যে দেওয়া হবে। MRIT, শ্রীরামপুর। M: 92318-39309.

□

### নার্সিং কোর্সে ভর্তি
INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

### টিচার্স ট্রেনিং
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS & NCVT Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

### আজিজুর রহমান কলেজ অফ এডুকেশন
**Affiliated W.B.U.T.T.E.P.A & NCTE** B. Ed, D. Ed Admission নিন সরাসরি কলেজে। নিউ গড়িয়া, 98746-06164 / 87770-49063.

□

**App. by BSS Govt. of India** ফিজিওথেরাপি, Diploma ও নার্সিং কোর্সে ভর্তি চলছে। নবজীবন ক্লিনিক, দমদম, 70446-39763.

## ব্যবসা-বাণিজ্য

অত্যন্ত লাভজনক ব্যবসার প্রশিক্ষণ (100 টি) চলছে। মাশরুম, আগরবাতি, ব্লু, ডিটারজেন্ট, পারফিউম ইত্যাদি। S.S.I-প্রতিভা সাঁকরাইল, হাওড়া। 98311-52957.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd. 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# টিউবলাইটের চোক তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** স্কুল-কলেজ, অফিস-আদালত, দোকান-বাড়ি সর্বত্রই টিউবলাইটের ব্যবহার হয়। ফলে সারাবছরই টিউবলাইটের চোকের চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে টিউবলাইটের চোক তৈরি করে যে-কোনও বৈদ্যুতিক সামগ্রী তৈরির দোকানে সরবরাহ করতে পারেন।

**কীভাবে করবেন:** দোকান থেকে প্রথমে অ্যালুমিনিয়াম বা তামার তারের রোল কিনে আনতে হবে। চাঁদনি চক বা ওয়েলিংটন অঞ্চলে এই তারের রোল কিনতে পাওয়া যায়। তারের গেজের তারতম্য অনুযায়ী দামেরও তারতম্য হয়। টিউবলাইটের চোক তৈরি করতে সাধারণত ১৮ থেকে ২০ গেজ পর্যন্ত তারের প্রয়োজন হয়। মেশিনের একটি নির্দিষ্ট ফ্রেমে ববিন থাকে। ববিনের নীচে যে মাপের চোক বানানো হবে সেই মাপের ট্রান্সফর্মার বক্স থাকে। তারটিকে ববিনে জড়িয়ে মেশিন চালু করলে টিউব-লাইটের চোক তৈরি হয়ে যাবে। মেশিনটি চালাতে বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** টিউবলাইটের চোক তৈরির হস্তচালিত মেশিনের দাম ৭,০০০ টাকা। মোটরচালিত মেশিন হলে রেগুলেটর সমেত হাইস্পিড মোটরের দাম বাবদ আরও ২,০০০ টাকা বেশি লাগবে।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *হোটেল-রেস্তোরাঁয় কাঁকড়া সরবরাহ করব। নিয়মিত সরবরাহ পেতে চাই। কোথা থেকে পেতে পারি? —বিজয় কর্মকার, দমদম, কলকাতা।*

□□ আপনি দক্ষিণ ২৪ পরগনার ক্যানিংয়ের মাছের আড়তে যোগাযোগ করতে পারেন। এই আড়তে জেলার বিভিন্ন জায়গা থেকে, বিশেষ করে সুন্দরবন অঞ্চল থেকে কাঁকড়া আসে। আড়তের পাইকারি ব্যবসায়ীর সঙ্গে কথা বলে নিয়মিত সরবরাহ পাওয়ার ব্যবস্থা করতে পারেন।

□ *পশ্চিমবঙ্গ থেকে মাছ রপ্তানি করেন, এমন কিছু ব্যবসায়ীর সঙ্গে যোগাযোগ করতে চাই। কীভাবে সেটা সম্ভব? —জয়দেব মণ্ডল, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আপনি মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (এমপেডা) অনলাইন ডিরেক্টরি দেখতে পারেন। এই ডিরেক্টরিতে রাজ্য অনুসারে রপ্তানিকারকদের তালিকা পাবেন। তথ্যের জন্য সংস্থার কলকাতার আঞ্চলিক অফিসেও যোগাযোগ করতে পারেন। ঠিকানা: ষষ্ঠ তল, টি বোর্ড বিল্ডিং, ১৪, বি টি এম সরণি, ব্রাবোর্ন রোড, কলকাতা-১। ফোন: ২২৩৪-৫৯০৮।

□ *ভারতে প্রতিবছর আন্তর্জাতিক সামুদ্রিক খাদ্যের প্রদর্শনী আয়োজিত হয়। আমার প্রশ্ন হল, বছরের কোন সময়ে এবং কোথায় এই প্রদর্শনী আয়োজিত হয়? এই প্রদর্শনীতে কি স্টল ভাড়া নেওয়া যায়? —অমিতকুমার সাহা, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

□□ সাধারণত জানুয়ারি মাস নাগাদ এই প্রদর্শনী আয়োজিত হয়। একেক বছর একেকটি শহরে আয়োজিত হয় এই প্রদর্শনী। ২০১৮-র ২৭-২৯ জানুয়ারি প্রদর্শনী আয়োজিত হয়েছিল গোয়ায়। এটি ছিল ২১তম প্রদর্শনী। প্রদর্শনীতে স্টল পাওয়ার সুযোগ আছে। প্রদর্শনী সম্পর্কে আগাম তথ্য পাবেন এই দুই ওয়েবসাইটে: www.mpeda.gov.in, www.indianseafoodexpo.com

□ *ভালো মানের মাশরুমের বীজ তৈরি শিখতে চাই। উত্তরবঙ্গে কোথায় তৈরি শেখানো হয় এবং ফি কত জানতে চাই। —তাপস কুণ্ডু, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

□□ উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্ল্যান্ট প্যাথোলজি বিভাগে মাশরুমের বীজ তৈরি এবং মাশরুম চাষ ও প্রক্রিয়াকরণ শেখানো হয়। দু'টি পৃথক কোর্স। প্রতি কোর্সের মেয়াদ ১ মাস। অংশত আবাসিক কোর্স। মাশরুমের বীজ তৈরির কোর্সের ফি ৩,০০০ টাকা এবং মাশরুম চাষ ও প্রক্রিয়াকরণের ফি ২,০০০ টাকা। যোগাযোগের ঠিকানা: উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়, পোঃ পুণ্ডিবাড়ি, কোচবিহার-৭৩৬ ১৬৫। ফোন: (০৩৫৮২) ২৭০৫৮৬।


□ *সিরামিক সামগ্রী শোকানো ও পোড়ানোর জন্য ছোট আকারের ফার্নেসের সন্ধান পেতে চাই। এ ব্যাপারে তথ্য দিলে উপকৃত হব। —সিদ্ধার্থ মজুমদার, দুর্গাপুর, বর্ধমান।*

□□ দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.exportersindia.com এই ওয়েবসাইটে ভারতের বিভিন্ন সিরামিক ফার্নেস প্রস্তুতকারক ও সরবরাহক সংস্থার তালিকা, ই-মেল অ্যাড্রেস ইত্যাদি পাবেন। ফার্নেসের সংক্ষিপ্ত বিবরণীও পাওয়া যাবে।

□ *আর্টিজান আইডেন্টিটি কার্ডের জন্য আবেদন করতে চাই। এর জন্য কী করতে হবে? —আশিস রায়, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

□□ আপনার জেলার শিল্পকেন্দ্রে যোগাযোগ করুন। ওখান থেকে প্রয়োজনীয় তথ্য পাবেন। পরিচয়পত্রের জন্য নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। জেলা শিল্পকেন্দ্র থেকে আবেদনের ফর্ম পাবেন। আবেদনের ফর্ম সরাসরি ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকেও: www.mssewb.gov.in পূরণ করা আবেদনপত্র প্রয়োজনীয় নথিপত্র-সহ জেলা শিল্পকেন্দ্রে জমা দিতে হবে। উত্তর ২৪ পরগনা জেলা শিল্পকেন্দ্রের ঠিকানা: ২, ব্যারাকপুর রোড, পোঃ নবপল্লি, বারাসত, উত্তর ২৪ পরগনা। ফোন: ২৫৪২-৭৮৬১/৭৮৬২।

GYANKOSH ACADEMY
H.O. - DumDum, Kolkata ❖ www.distanceedu-wb.com
E-mail : gyankoshadm@gmail.com
Contact : 8583956901 / 7980879741
নিশ্চিত চাকরীর সেরা কোর্স নার্সিং
GNM, B.Sc নার্সিং এ ভর্তি চলছে (পঃ বঃ, অন্ধ্র, ব্যাঙ্গালুরু)
❖ সরাসরি Admission
❖ কোলকাতায় থিওরী ও প্র্যাকটিক্যালের ব্যবস্থা
❖ শিক্ষান্তে 100% চাকুরির নিশ্চয়তা
❖ থাকা খাওয়ার সু-বন্দোবস্থ INC স্বীকৃত A1 কলেজ
D-Pharm, B-Pharm ও প্যারামেডিক্যাল কোর্স অল্প খরচে
যোগাযোগ
সারেঙ্গা-8348943921/9434160013, সিমলাপাল / বাঁকুড়া-9126910933, আরামবাগ-9733590675, পুরুলিয়া-9007198208, মেদিনীপুর-9775220905, বিষ্ণুপুর-8348409090, খড়গপুর-7001410440, কোতুলপুর-8250843385, হাওড়া-7980721031, গোয়ালতোড়-9609168072, বারাসাত-6294513257, নর্থবেঙ্গল-8918880574, বর্ধমান-9475124588, বালিঠ্যা-8918766894
D.Ed, B.Tech, BBA, MBA Top Colleges এছাড়া আরও আকর্ষণীয় কোর্স

Matangini Institute of Technology & Management
Govt. Reg. : S/2L/No. 46401 www.mitmeducation.org
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য
100% Scholership নিয়ে পড়ার সুযোগ
HOSPITALITY & HOTEL MANAGEMENT
কোর্স ফি
Rs. 2600/- (প্রতিমাসে)
50% ব্যাঙ্ক লোনের সুবিধা
দেশে বিদেশে নিশ্চিত চাকুরি নচেৎ কোর্স ফি ফেরত

কোর্স করতে করতে Income এর সুবিধা
বিশেষ সুবিধা
✱ ভর্তির সময় Job Bond Letter ✱ ব্যাঙ্ক লোন-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পরে পরিশোধ করার সুবিধা ✱ Free Hostel for Girls & Boy's ✱ Wi-Fi Connectivity
DIRECT ADMISSION
✱ GNM (40,000/year)
✱ B.Sc (60,000/year)
ADMISSION PLACE
✱ HYDERABAD
✱ VISAKHAPATNAM
✱ BANGALOR
পাঁশকুড়া (আর.এস), পূর্ব মেদিনীপুর
7586053479, 9564784173

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*চলো, আমাদের ভবিষ্যৎটা গড়ে নিই এখনই। আজকের স্বপ্নগুলো তাহলে আগামীকাল সত্যি হবে।*
*— মালালা ইউসুফজাই*
*(নোবেলজয়ী সমাজকর্মী)*

***✓ আমি ম্যাথমেটিক্সের অনার্স গ্র্যাজুয়েট। উচ্চতা ১৫৩ সেমি। কলেজে নিয়মিত টেবিল টেনিস খেলেছি। বর্তমানে কম্পিউটারের একটি ডিপ্লোমা কোর্স করছি। জঙ্গলে বেড়াতে ভালোবাসি। ফরেস্ট অফিসারের চাকরির প্রতি আমার প্রবল আগ্রহ। আমি কি ফরেস্ট অফিসার পদে আবেদন করতে পারব? এই পদের ক্ষেত্রে কী ধরনের পরীক্ষা হয় জানতে চাই।***

*অরুন্ধতী রায়, সোদপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ গণিতের গ্র্যাজুয়েটেরা ফরেস্ট অফিসার পদের পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। আপনি পশ্চিমবঙ্গ সরকারের ফরেস্ট সার্ভিস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিসে ১৮২ জন অফিসার নিয়োগ করা হবে। আবেদন করা যাচ্ছে। প্রার্থী বাছাই করবে পাবলিক সার্ভিস কমিশন। ‘কর্মক্ষেত্র’-র ১৫ জুন সংখ্যায় ‘রাজ্য সরকারের বন দপ্তরে ১৮২’ শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

> ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিসে ১৮২ জন অফিসার নিয়োগ করা হবে। আবেদন করা যাচ্ছে। প্রার্থী বাছাই করবে পাবলিক সার্ভিস কমিশন। ‘কর্মক্ষেত্র’-র ১৫ জুন সংখ্যায় ‘রাজ্য সরকারের বন দপ্তরে ১৮২’ শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

প্রার্থী বাছাই করা হবে দুই পর্বের (প্রিলিমিনারি ও মেন) লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিকেল টেস্টের মাধ্যমে।

মহিলাদের ক্ষেত্রে উচ্চতা দরকার ১৫০ সেমি (তফসিলি ও গোর্খা মহিলাদের ক্ষেত্রে ১৪৫ সেমি)। দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষায় মহিলাদের ক্ষেত্রে থাকবে ৪ ঘণ্টায় ১৬ কিলোমিটার হাঁটা।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ ও মেন পরীক্ষায় কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। বিশদ সিলেবাসের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইটটি।

প্রসঙ্গত, ইউ পি এস সি পরিচালিত কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের প্রিলিমিনারি পরীক্ষা ও ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের পরীক্ষাটি একই। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে ফরেস্ট সার্ভিসের জন্য আলাদা করে মেন পরীক্ষা আয়োজিত হয়।

***✓ কমার্সের গ্র্যাজুয়েট। বি কম-এ ৫৮ শতাংশ নম্বর আছে। ব্যাঙ্কের চাকরিতে বিশেষ আগ্রহী। আই বি পি এসের প্রবেশনারি অফিসার পদের পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। ব্যাঙ্কের আর কোন কোন পদে আমি আবেদন করতে পারব?***

*স্নেহাশিস মজুমদার, হালতু, কলকাতা-৭৮।*

☐ আপনি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির প্রবেশনারি অফিসার ও ক্লার্ক এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার পদে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার প্রবেশনারি অফিসার ও ক্লার্ক পদে আবেদনের জন্য আই বি পি এসের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় বসতে হয় না। স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ সরাসরি প্রার্থী বাছাই করে থাকেন। আপনি স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার জুনিয়র অ্যাসোসিয়েট পদেও আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** দেশজুড়ে বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণের পরীক্ষা নেবে আই বি পি এস। আপনি পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ‘কর্মক্ষেত্র’-র ১৫ জুন সংখ্যায় ‘গ্রামীণ ব্যাঙ্কে ৫৭৫৫ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট’ শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in

> দেশজুড়ে বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণের পরীক্ষা নেবে আই বি পি এস। আপনি পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ‘কর্মক্ষেত্র’-র ১৫ জুন সংখ্যায় ‘গ্রামীণ ব্যাঙ্কে ৫৭৫৫ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট’ শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং দিয়ে ৬০০ প্রবেশনারি অফিসার নেবে ব্যাঙ্ক অব বরোদা। মনিপাল স্কুল অব ব্যাঙ্কিংয়ের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পড়ানো হবে। কোর্স ফি ৩ লক্ষ ৪৫ হাজার টাকা। ব্যাঙ্ক অব বরোদা থেকে কোর্সটি পড়ার জন্য শিক্ষাঋণ পাওয়া যাবে। কোর্স শেষ হওয়ার পরবর্তী ৭ বছরে সুদ-সহ ঋণ শোধ করতে হবে। ‘কর্মক্ষেত্র’-র ১৫ জুন সংখ্যায় ‘ট্রেনিং দিয়ে বরোদা ব্যাঙ্কে ৬০০ প্রবেশনারি অফিসার’ শীর্ষক সংবাদে এই নিয়োগ-সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.com

***✓ আমি ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে এবছরই উচ্চমাধ্যমিক পাশ করেছি ৫৮ শতাংশ নম্বর-সহ। আমার উচ্চতা ১৬৪ সেমি। ১৫ জুন সংখ্যার ‘কর্মক্ষেত্র’-য় ‘তিন সামরিক বাহিনীতে ৩৮৩’ শিরোনামে প্রকাশিত সংবাদটি পড়েছি। আমি এয়ারফোর্সের জন্য আবেদন করতে চাই। এয়ারফোর্সের পাইলটের জন্য কি আমি আবেদন করতে পারব? সুযোগ পেলে আমাকে কি আরও পড়াশোনা করতে হবে? সে জন্য খরচ কি আমাকেই বহন করতে হবে? দ্রুত উত্তর পেলে খুব ভালো হয়। আমি আবেদন করতে চাই।***

*বিক্রম সরকার, বাঘাযতীন, কলকাতা-৮৬।*

☐ শিক্ষাগত যোগ্যতা এবং উচ্চতার নিরিখে আপনি এয়ারফোর্সের প্রশিক্ষণের জন্য বিবেচিত হবেন। পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য সর্বোচ্চ ১২০ সেমির মধ্যে থাকতে হবে। সেক্ষেত্রে থাইয়ের দৈর্ঘ্য ৬৪ সেমির মধ্যে থাকতে হবে। বসে থাকা অবস্থায় সর্বোচ্চ উচ্চতা হতে হবে ৯৬ সেমি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স টেস্ট ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেবে ইউ পি এস সি। অন্য পরীক্ষাগুলি নেবে সার্ভিস সিলেকশন বোর্ড। সবক’টি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এয়ারফোর্স, নেভি বা আর্মির মধ্যে কোন উইংয়ের জন্য আপনি নির্বাচিত হবেন, তা নির্ধারিত হবে।

নির্বাচিতদের ৩ বছরের ট্রেনিং দেওয়া হয়। পড়াশোনা ও প্রাথমিক পর্যায়ের সামরিক ট্রেনিং চলতে থাকে একই সঙ্গে। এই ৩ বছরের ট্রেনিং শেষে এয়ারফোর্স ও নেভির জন্য নির্বাচিতরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি টেক ডিগ্রি পেয়ে থাকেন। সমস্ত খরচ সামরিক বাহিনীর। তারপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং শুরু হবে। পেশাদারি এই ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যায়। ট্রেনিং শেষে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.indianairforce.nic.in

***✓ পাশ গ্র্যাজুয়েট। টাইপিং জানি। মিনিটে ৩২টি ইংরেজি শব্দ টাইপ করতে পারব। মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার গতি আনার চেষ্টা করছি। টাইপিং দরকার হয় এমন চাকরির খবর দেবেন।***

*অনুপ দাশ, মন্দিরতলা, হাওড়া।*

☐ বিভিন্ন চাকরির জন্যই টাইপিংয়ের দক্ষতা দরকার হয়। টাইপিং প্র্যাক্টিসের সঙ্গে চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করাটাও জরুরি।

***এখনই আবেদন করতে পারেন:*** কলকাতা সিটি সেশনস কোর্ট কিছু লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট নেবে। আবেদন করতে পারেন। টাইপিং জানা থাকায় অগ্রাধিকার পাবেন। ‘কর্মক্ষেত্র’-র ৮ জুন সংখ্যায় ‘কলকাতা সিটি সেশনস কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট ও গ্রুপ ডি’ শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটি থেকে: www.ecourts.gov.in/citysessonscourtcalcutta, www.calcuttahighcourt.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ ২৯ জুনের মধ্যে দরখাস্ত পৌঁছনো চাই এই ঠিকানায়: The Chief Judge, City Sessions Court, Calcutta-cum-Chairman, District Recruitment Committee, City Sessions Division, Calcutta, 2 & 3, Bankshall Street, Bichar Bhawan, Kolkata – 700 001. খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত দুই ওয়েবসাইট।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে বুকিং ক্লার্ক, টাইমকিপার, ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে টাইপিস্ট, ক্লার্ক-কাম-টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। আছে আরও চাকরি।

## লক্ষ্য, পরিকল্পনা ও প্রস্তুতির মেলবন্ধনেই সাফল্য আসবে



**শান্তনু বন্দ্যোপাধ্যায়**
প্রাক্তন প্রধান, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া লার্নিং সেন্টার, কলকাতা

ভালো কিছু করার জন্য প্রথমত আন্তরিক একটা ইচ্ছার দরকার হয়। ইচ্ছাটা প্রবলও হতে হয়। এটা প্রাথমিক শর্ত। তারপর দরকার হবে একটা পরিকল্পনার। কেমন চাকরি করতে চান, সেটা ঠিক করে ফেলতে হবে আগে। তারপর সেই চাকরি বা সেই ধরনের চাকরিগুলির পরীক্ষার জন্য প্রস্তুত হতে হবে। এক্ষেত্রে একটু পরিশ্রম করার দরকার তো হয়ই। তাতে বিমুখ হলে চলবে না। ইচ্ছাটা জোরালো হলে পরিশ্রমে অনীহা থাকার কথাও নয়। পরীক্ষার সিলেবাসটা জানতে হবে আগে। তারপর সিলেবাস অনুসারে পড়াশোনা ও প্র্যাক্টিস।

অধিকাংশ প্রতিযোগিতামূলক পরীক্ষাতেই ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং, জি কে, কারেন্ট অ্যাফেয়ার্সের প্রশ্ন হয়। যদি এ ধরনের পরীক্ষার মাধ্যমে সরকারি চাকরি পাওয়ার পরিকল্পনা করেন, তাহলে বলব, কলেজে পড়তে পড়তেই বিষয়গুলো নিয়ে চর্চা শুরু করে দিন। গ্র্যাজুয়েশনের পড়াশোনার সঙ্গেই যদি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করে দেওয়া যায়, তাহলে স্নাতক কোর্স শেষ করার পরেই আপনি চাকরির পরীক্ষার জন্য প্রায় প্রস্তুত। প্রস্তুতি নেওয়ার ক্ষেত্রে নিয়মানুবর্তিতা একটি গুরুত্বপূর্ণ বিষয়। কলেজের পড়াশোনা থাকবে। সেখানেও রেজাল্ট ভালো করার লক্ষ্য থাকবে। তাই বলব, দিনে একটি ঘণ্টা সময় দিন চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য। কলেজের প্রথম বর্ষ থেকেই যদি রুটিনটা অনুসরণ করতে পারেন, তবে নিশ্চিতভাবে উপকার পাবেন।

আমি দীর্ঘদিন ধরে ব্যাঙ্ক কর্মীদের প্রশিক্ষণ দিয়েছি। হাজার হাজার প্রবেশনারি অফিসারের প্রশিক্ষণ। কয়েক হাজার ছেলেমেয়েকে কাছ থেকে দেখে আমার যা মনে হয়েছে, তা হল, বাঙালি ছেলেমেয়েদের প্রতিভা, বুদ্ধির অভাব নেই। এই গুণের সঙ্গে যদি একটু পরিশ্রম, ধৈর্য ও নিয়মানুবর্তিতার মেলবন্ধন ঘটে, তবে সাফল্য তাঁদের করায়ত্ত হবেই।

ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার, ক্লার্ক, গ্রামীণ ব্যাঙ্কের অফিসার, অফিস অ্যাসিস্ট্যান্ট পদে প্রচুর ছেলেমেয়ের চাকরি হয়। এক্ষেত্রে একটা কথা বলে রাখি, ব্যাঙ্কের পরীক্ষার প্রশ্ন যত প্র্যাক্টিস করবেন, তত বিষয়গুলো সহজ হয়ে উঠবে। সময় মেপে উত্তর দিতে হয়। ফলে প্রশ্ন সমাধানের গতিটা আয়ত্ত করতে হবে। ওটা নিয়মিত অনুশীলনের মাধ্যমেই শুধু আয়ত্ত করা সম্ভব। অন্য কোনও বিকল্প নেই। পরীক্ষার হলে ম্যানেজ করে নেব— এরকম ধারণার কোনও স্থান নেই। প্রথম একমাস অনুশীলনের পরেই ফলাফলটা আপনি বুঝতে পারবেন। যত দিন যাবে, তত গতি বাড়বে। নিয়মটায় ছেদ ঘটাবেন না চাকরি না-পাওয়া পর্যন্ত। ধারাবাহিকতার সুফল আপনি পাবেনই।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# ডিসান স্কুলে নার্সিং কোর্সে ভর্তি



জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ডিসান স্কুল অব নার্সিং। এটি ডিসান হসপিটালের অধীনস্থ একটি শিক্ষাপ্রতিষ্ঠান। কোর্সটি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল এবং ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত। শুধু মহিলা প্রার্থীরাই আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**আসনসংখ্যা:** ৫০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৩৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। বিজ্ঞান শাখার প্রার্থীদের অগ্রাধিকার। বাংলা এবং ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **কোর্স ফি:** প্রথম বছরে ১,৫২,০০০ টাকা এবং পরের দু'টি শিক্ষাবর্ষের জন্য বছর প্রতি ৯২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

ফি বাবদ ৫০০ টাকার বিনিময়ে ফর্ম এবং প্রসপেক্টাস সংগ্রহ করতে হবে কলকাতা এবং শিলিগুড়িতে ডিসান হসপিটালের ফ্রন্ট অফিস থেকে। যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে ফর্ম সংগ্রহ করা যাবে। প্রতিষ্ঠানের কলকাতা কেন্দ্রের ঠিকানা: ডিসান মোড়, ই এম বাইপাস, কলকাতা ৭০০ ১০৭। ফোন: ৮৩৩৪০-১৯৪৫৬, ৮৩৩৫০-৪২৭৯৫। শিলিগুড়ি কেন্দ্রের ঠিকানা: মেডিক্যাল কলেজ রোড, শিলিগুড়ি-৭৩৪ ০১২। ফোন: ৮৬৯৭৭-০১৩৩৭।

এছাড়াও আবেদনের ফর্ম ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.desunhospital.com

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর পাঁচ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং প্রত্যয়িত করিয়ে নেবেন। বাকি চারটি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓প্রার্থী যে-প্রতিষ্ঠানে শেষ পড়াশোনা করেছেন সেই প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত ক্যারেক্টার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৪ জুন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্সে ভর্তি

এগ্রিকালচার ও হর্টিকালচারের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে প্রতিষ্ঠানের দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ান ও কোচবিহারের পুন্ডিবাড়ি ক্যাম্পাসে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: UBKV-UG/01/2018.


**কোর্সের বিবরণ: বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** কোচবিহার: ৬৬টি। দক্ষিণ দিনাজপুর: ৩০টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** কোচবিহার: ২০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা এগ্রিকালচার বা হর্টিকালচার বা ভোকেশনাল এগ্রিকালচার বা ভোকেশনাল হর্টিকালচার পড়ে থাকতে হবে।

ভোকেশনাল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচার বা হর্টিকালচার শাখায় উচ্চমাধ্যমিক। অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ক্রপ প্রোডাকশন বা ক্রপ ম্যানেজমেন্ট বা প্ল্যান্ট ম্যানেজমেন্ট পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-৬-২০১৮ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ubkv.ac.in আবেদনের শেষ তারিখ ২৯ জুন।



অনলাইনে আপলোড করতে হবে:
✓প্রার্থীর সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে জন্মশংসাপত্র বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (উভয়ই ২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্ট্যাটিস্টিক্সের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি



স্ট্যাটিস্টিক্সে ৫ বছরের ইন্টিগ্রেটেড এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। এই কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি নম্বর ০৭/১৮।


**আসনসংখ্যা:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ২০১৪-২০১৫-র আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuiv.ac.in

আবেদনের শেষ তারিখ ২৫ জুন। ফি বাবদ অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা) এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlinesbi.com

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে
নিশ্চিত চাকরির
লিখিত গ্যারান্টি
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা
সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad
100% PLACEMENT TILL DATE

HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৮' পরীক্ষায় বসতে চাই। এয়ারফোর্স শাখার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —জয়ন্ত হাওলাদার, দখলবাটী, বীরভূম।*

□□ ইউ পি এস সি আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৮'-য় এয়ারফোর্স শাখার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। এর পাশাপাশি, ন্যূনতম উচ্চতা হতে হবে ১৬২.৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮১ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৬ ও ৬/৯ (দূরের) থাকতে হবে। চশমা থাকলে আবেদন করা যাবে না এবং যাঁদের হাইপারমেট্রোপিয়া শুধু তাঁদের ক্ষেত্রেই ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি ওয়ান মানের হতে হবে। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। এয়ারফোর্সে পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি (সর্বোচ্চ ১২০ সেমি), থাইয়ের দৈর্ঘ্য হতে হবে সর্বাধিক ৬৪ সেমি এবং বসে থাকা অবস্থায় উচ্চতা চাই অন্তত ৮১.৫ সেমি (সর্বোচ্চ ৯৬ সেমি)। ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউ পি এস সি আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষাটি কবে হবে? —দেব সরকার, কলকাতা।*

□□ ইউ পি এস সি দ্বারা পরিচালিত ২০১৮-র 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮' হবে ২৯ জুন থেকে ১ জুলাই। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in পরীক্ষাকেন্দ্রে ২ কপি পাসপোর্ট মাপের ফটো এবং আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ভোটার কার্ড, পাসপোর্টের মতো সচিত্র পরিচয়পত্র অবশ্যই সঙ্গে নিয়ে যাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোডের ক্ষেত্রে কোনও সমস্যার সম্মুখীন হলে ফোন করতে পারেন এই নম্বরে: ০১১ ২৩৩৮৫২৭১/১১২৫।

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষাটি কবে হবে? —অসীম হালদার, গুপ্তিপাড়া, হুগলি।*

□□ ইউ পি এস সি দ্বারা পরিচালিত ২০১৮-র 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০১৮' হবে ২৯ জুন। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in রোল নম্বর বা রেজিস্ট্রেশন আই ডি-র মাধ্যমে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। পরীক্ষাকেন্দ্রে ২ কপি পাসপোর্ট মাপের ফটো সঙ্গে নিয়ে যেতে হবে। ডাউনলোড করা অ্যাডমিট কার্ডে ছবি অস্পষ্ট এলে পরীক্ষাকেন্দ্রে আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ভোটার কার্ড, পাসপোর্টের মতো সচিত্র পরিচয়পত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে।

## উচ্চশিক্ষা

□ *সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পরীক্ষায় বসতে চাই। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকপদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মৈনাক সেনগুপ্ত, সুবর্ণপুর, নদিয়া।*

□□ সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পরীক্ষায় ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকপদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল উত্তীর্ণ হতে হয়। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন) থাকা দরকার। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০2 অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন করা থাকলেও আবেদন করা যায়। অথবা গ্র্যাজুয়েট এবং ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) যোগ্যতাসম্পন্নদের আবেদনও গ্রাহ্য করা হয়ে থাকে। ১৯ জুলাই পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে ওয়েবসাইটের মাধ্যমে: www.ctet.nic.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এস-এর মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রলয় নন্দী, শ্যামসুন্দর, পূর্ব বর্ধমান।*

□□ আই বি পি এস-এর গ্রামীণ ব্যাঙ্কের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কের শূন্যপদের জন্য আবেদন করবেন, সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in

## নার্সিং

□ *কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটিতে স্টাফ নার্স পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —বিশাখা দাস, বিনপুর, ঝাড়গ্রাম।*

□□ কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটিতে স্টাফ নার্স পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ বা নার্সিংয়ে বি এসসি। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা বাধ্যতামূলক। এছাড়া বাংলা জানতে হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২২ জুন (শুক্রবার), সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২টা। ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন পূরণ করা দরখাস্ত ও তার এক কপি নকল-সহ স্বপ্রত্যয়িত ফটো এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের মূল কপি ও স্বপ্রত্যয়িত নকল। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Institute of Urban Management (Alakapuri), 36C, Ballygunge Circular Road, Kolkata- 700 019. ওয়েবসাইট: www.kmcgov.in

□ *যোধপুর এইমসে স্টাফ নার্স পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —দেবশ্রী ঘোষ, সাহেবগঞ্জ, কোচবিহার।*

□□ যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি অথবা বি এসসি-পোস্ট সার্টিফিকেট বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। সঙ্গে অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল বা স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্টাফ নার্স গ্রেড-টু পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর নাম অবশ্যই ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অথবা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নার্সেস অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নথিভুক্ত থাকতে হবে। খুঁটিনাটি তথ্য বিষয়ে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.aiimsjodhpur.edu.in

## কোর্স, ট্রেনিং

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের এল এল বি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —পৃথ্বীরাজ সেনগুপ্ত, পটাশপুর, পূর্ব মেদিনীপুর।*

□□ পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। ২০১৬ সালের আগে (তফসিলিদের ক্ষেত্রে ২০১৪ এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০১১) উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই, দুপুর ১২টা থেকে দুপুর ২টো ৩০ মিনিট পর্যন্ত। প্রবেশিকা পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস/কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং এবং জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। ২৬ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv.ac.in ফি বাবদ অনলাইন বা অফলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৭ জুন। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

□ *ই ডি আইয়ে ডিপ্লোমা ইন এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —শুভজিৎ দাস, মানিকপুর, হাওড়া।*

□□ ডিপ্লোমা ইন এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি নিচ্ছে ই ডি আই। দূরশিক্ষা ব্যবস্থায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সগুলি পড়ানো হবে। ক্লাস হবে প্রতি রবিবার, ই ডি আই-য়ে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ব্যাচেলর প্রিপারেটরি (বি পি পি) কোর্স পাশরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি: ৯,০০০ টাকা। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: Enterprise Development Institute, IB-194, Sector-III, Salt Lake, Kolkata-700 106, West Bengal. অ্যাপ্লিকেশন ফর্ম ও রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে এক্সপোর্ট-ইম্পোর্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে ৫০০ টাকা এবং অন্যান্য সবক'টি কোর্সের ক্ষেত্রে ৪০০ টাকা। ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.edikolkata.org

□ *নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সেলিং কোর্সে ভর্তি হতে চাই। শিক্ষাগত যোগ্যতা, কোর্স ফি-সহ বিস্তারিত জানাবেন। —অংশুমান পাল, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

□□ সাইকোলজিক্যাল কাউন্সেলিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। এটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষাকেন্দ্র। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্সগুলি করানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্টাডি সেন্টারগুলিতে। শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল সায়েন্স (সিভিক্স/ পলিটিক্যাল সায়েন্স/ হিস্ট্রি/ জিওগ্রাফি/ সোশিওলজি/এডুকেশন) বা ফিজিক্যাল সায়েন্স বা লাইফ সায়েন্সে স্নাতক অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্স ফি: ১৮,০০০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারগুলি থেকে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন। স্টাডি সেন্টারগুলির ঠিকানা-সহ তালিকা এবং খুঁটিনাটি বিষয়ে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

## অন্যান্য চাকরি

□ *এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —ধনঞ্জয় সাহা, সম্মতিনগর, মুর্শিদাবাদ।*

□□ এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক, অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড ল ডিগ্রি। সঙ্গে ডেটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং এবং কম্পিউটার অপারেশনে জ্ঞান থাকা আবশ্যক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.allahabadhighcourt.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

# বিতর্ক সত্ত্বেও পদক্ষেপ করল না পি এস সি, চূড়ান্ত তালিকায় নাম 'বিতর্কিত' প্রার্থীর

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ডব্লু বি সি এস, ২০১৭ (মেন)' পরীক্ষায় নম্বর-কেলেঙ্কারি নিয়ে এত বিতর্ক সত্ত্বেও কর্তৃপক্ষ কোনও পদক্ষেপই করল না। শুধু তা-ই নয়, সংবাদপত্রে প্রকাশিত, কেলেঙ্কারিতে অভিযুক্ত 'বিতর্কিত' প্রার্থী ঠাঁই পেয়ে গেলেন চূড়ান্ত মেধা তালিকাতেও! কয়েক দিন আগে পার্সোন্যালাটি টেস্টের তালিকা প্রকাশ করে পি এসসি। কিছুক্ষণের মধ্যেই সেই তালিকা তুলে নিয়ে নতুন তালিকা প্রকাশ করা হয়। দ্বিতীয় তালিকায় বাদ যান প্রথম তালিকার ১৫ জন পরীক্ষার্থী এবং নাম অন্তর্ভুক্ত হয় সেই 'বিতর্কিত' প্রার্থীর। এই প্রার্থীর বিরুদ্ধেই একাধিক পত্রে সাদা খাতা জমা দিয়েও রহস্যজনক ভাবে ৮০ শতাংশের বেশি নম্বর পাওয়ার অভিযোগ উঠেছে। মেধা তালিকায় গ্রুপ 'এ' ও 'বি', দু'টিতেই তাঁর নাম রয়েছে। দেখা যাচ্ছে, ওই প্রার্থী চারটি আবশ্যিক বিষয়ের পেপারে মোট ৮০০টির মধ্যে সাকুল্যে ৭৯টি প্রশ্নের উত্তর দিয়েছেন। অথচ ডব্লু বি সি এস এক্সিকিউটিভ পরীক্ষায় সাধারণ ভাবে মেধা তালিকায় যে-সব প্রার্থী 'এ' বা 'বি' গ্রুপে জায়গা করে নেন, তাঁরা ওই চারটি পেপারে গড়ে ৫০ থেকে ৫৫ শতাংশ প্রশ্নের উত্তর দিয়ে থাকেন। এর কমে এই পরীক্ষার প্রথম তালিকায় স্থান করে নেওয়া এক প্রকার অসম্ভব। কিন্তু বাস্তবে ঠিক উল্টো ঘটনাই ঘটেছে। মাল্টিপল চয়েস প্রশ্নসংবলিত আবশ্যিক পেপার থ্রি-তে ওই প্রার্থী মোট দু'শো প্রশ্নের মধ্যে তিনটির, পেপার ফোরে দু'শোটির মধ্যে মাত্র একটির, পেপার ফাইভে ৩৪টি প্রশ্নের এবং পেপার সিক্সে দিয়েছেন দু'শোর মধ্যে ৪১টি প্রশ্নের উত্তর। মোট ৮০০টি প্রশ্নের মধ্যে ৭৯টির উত্তর, যার হার ১০ শতাংশও নয়। কমিশনের তরফ থেকে তদন্তের আশ্বাস সত্ত্বেও তাতে কাজের কাজ কিছুই হয়নি। কমিশনের চেয়ারম্যান দীপঙ্কর দাশগুপ্তও প্রতিক্রিয়া দেননি। এমতাবস্থায় তালিকা প্রকাশ পরীক্ষার্থীদের মধ্যে যে ক্ষোভের জন্ম দেবে, সেটাই স্বাভাবিক। বিভিন্ন ব্যাচের পরীক্ষার্থীরা পি এস সি দপ্তরে বিক্ষোভ দেখান। তাঁদের দাবি, সব পরীক্ষার কাট-অফ নম্বর প্রকাশ করতে হবে এবং মেধা-তালিকা থেকে বাদ দিতে হবে অভিযুক্তকে। কেন দু'বার মেধা-তালিকা প্রকাশ করতে হল, তা নিয়েও প্রশ্ন তুলেছেন তাঁরা। এত বিতর্ক সত্ত্বেও শেষ পর্যন্ত দুর্নীতিকে পুঁজি করেই একজন সম্পূর্ণ অযোগ্য প্রার্থী ইন্টারভিউয়ে ডাক পাওয়ায় অত্যন্ত লজ্জিত হচ্ছি। রাজ্যে নিয়োগ নিয়ে এত বড় দুর্নীতি অতীতে হয়নি। রাজ্যের মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে আবেদন, পদক্ষেপ করুন। মুখ্যমন্ত্রী তো একাধিক বার তরুণ প্রজন্মকে প্রশাসনিক স্তরের বিভিন্ন চাকরির জন্য উৎসাহিত করেছেন। এই ঘটনার পরও তরুণ প্রজন্ম উৎসাহিত হবে তো?

**ধীরেশচন্দ্র সমাদ্দার, রামেশ্বরপুর, উত্তর ২৪ পরগনা।**

ওই প্রার্থী চারটি আবশ্যিক বিষয়ের পেপারে মোট ৮০০টির মধ্যে সাকুল্যে ৭৯টি প্রশ্নের উত্তর দিয়েছে। অথচ ডব্লু বি সি এস এক্সিকিউটিভ পরীক্ষায় সাধারণ ভাবে মেধা তালিকায় যে-সব প্রার্থী 'এ' বা 'বি' গ্রুপে জায়গা করে নেন, তাঁরা ওই চারটি পেপারে গড়ে ৫০ থেকে ৫৫ শতাংশ প্রশ্নের উত্তর দিয়ে থাকেন। এর কমে এই পরীক্ষার প্রথম তালিকায় স্থান করে নেওয়া এক প্রকার প্রায় অসম্ভব।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**= SLN (Straight Line)**


গত সংখ্যায় আমরা শিখেছি, সরলরৈখিক হারে অর্থাৎ, SLN formula-র সাহায্যে কীভাবে কোনও সম্পত্তির Depreciation বের করা যায়। এখন আমরা শিখব, Function Arguments-এর মাধ্যমে কীভাবে SLN function-টি ব্যবহার করা যায়।

একটি উদাহরনের সাহায্যে এই function-টির ব্যবহার শেখানো হয়েছিল। উদারহরণটি ছিল এইরকম:

একটি কম্পিউটার 20,000 টাকা দিয়ে কেনা হল। 6 বছর পর এর মূল্য হল 2000 টাকা। এই 6 বছরের মধ্যে প্রতি বছরের depreciation সরলরৈখিক হারে কত হবে তা নির্ণয় করতে হবে।

Function Arguments-এর মাধ্যমে 'SLN' function-টি ব্যবহার করতে হলে:

⇨ প্রথমে Depreciation-এর Worksheet-টি open করুন যেখানে 'SLN' function-টি Chart-এর সাহায্যে বোঝানো হয়েছে।





⇨ Formula → Financial → SLN-এ ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্সটি খুলবে।

⇨ Cost-এর ঘরে লিখুন 20000

⇨ Salvage-এর ঘরে লিখুন 2000

⇨ Life-এর ঘরে লিখুন 6

⇨ দেখুন, Formula result-এ Depreciation value দেখাচ্ছে 3000।




**= SYD (SUM YEAR DIGIT)**

এই সূত্রটির সাহায্যে =DDB এবং =SLN সূত্রের ন্যায় কোনও সম্পত্তির ব্যবহারজনিত অপচয় বা Depreciation নির্ণয় করা যায়। এক্ষেত্রে Sum-of-the-year's-digits পদ্ধতিতে Depreciation নির্ধারিত হয়।

এর Syntax-টি হল—

=SYD (Cost, Salvage, Life, Period)

এখানে, Cost = সম্পত্তি বা বস্তুর initial cost

Salvage = ব্যবহারকাল শেষ হলে অবশিষ্ট মূল্য

Life = ব্যবহারকাল

Period = যে সময়ের অপচয় নির্ণয় করা হবে, তা।

*ক্রমশ*

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



মোবাইলে ছবি তুলে কম্পিউটারের হার্ড ডিস্ক ড্রাইভে সেগুলিকে ট্রান্সফার করার পর তাকে পছন্দসই মাপের আকারে আনতে পারবো? —প্রশান্ত মৈত্র, হলদিবাড়ি, জলপাইগুড়ি।

□□ মোবাইলে তোলা ছবি সাধারণত ইউএসবি ডেটা কেবল বা ব্লু-টুথের সুবিধা থাকলে তার সাহায্যে কম্পিউটারে লোড করা যাবে। ছবি লোড করার জন্য আলাদা কোনও সফটওয়্যার লাগবে কি না সেটা যে অপারেটিং সিস্টেম ব্যবহার করছেন তার ওপর নির্ভর করে। উইন্ডোজ এক্সপি অনেক মোবাইলকেই সাপোর্ট করে। ছবির মাপ ছোট বড় করার জন্য আপনাকে ফটোশপের ইমেজ মেনুর ইমেজ সাইজ অপশনটির সাহায্য নিতে হবে। তবে একটা কথা মনে রাখতে হবে, মোবাইল ফোনের ক্যামেরার মানের ওপর ছবি কতটা ভালো পাওয়া যাবে তা নির্ভর করবে।

কম্পিউটার চালু করবার সময় পাসওয়ার্ড দেওয়ার পরই মেশিন হ্যাং হয়ে যাচ্ছে। প্রতিবারই কম্পিউটার রিস্টার্ট করতে হচ্ছে। সমস্যাটির সমাধানের বিষয়ে কিছু জানালে উপকৃত হব। —অরুণাভ দাশ, নদিয়া।

□□ আপনার সমস্যাটি বিভিন্ন কারণে হতে পারে। ডিস্ক ড্রাইভগুলোতে ভাইরাস থেকে থাকলে এরকম হতে পারে। সেক্ষেত্রে ভালো অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে। এছাড়া আপনার কম্পিউটারে RAM-ও কম থাকতে পারে। সাধারণত RAM কম থাকলে আর বেশি সংখ্যায় সফটওয়্যার ইনস্টল করা থাকলেও কম্পিউটার বার বার হ্যাং হয়ে যেতে পারে। এক্ষেত্রে কম্পিউটারের RAM বাড়ানোর প্রয়োজন হবে।

UNIVERSITY OF KALYANI

PROFESSIONAL COURSES


কোর্স শেষে নিশ্চিত চাকুরীর সহায়তা

- অপটোমেট্রিষ্ট : D.O.S. - 2 বছর + 6 মাস ইনটার্নশিপ
- ফিজিওথেরাপিষ্ট : D.P.T. - 2 বছর + 6 মাস ইনটার্নশিপ
- প্যাথলজি টেকনিসিয়ান : D.M.L.T. - 2 বছর + 6 মাস ইনটার্নশিপ
- রেডিওলজি টেকনিসিয়ান : D.M.R.T. - 2 বছর + 6 মাস ইনটার্নশিপ
- E.C.G. টেকনিসিয়ান : D.E.C.G.T. - 1 বছর
- E.E.G. টেকনিসিয়ান : D.E.E.G.T. - 1 বছর
- ডেন্টাল টেকনিসিয়ান : C.D.T. - 1 বছর

যোগ্যতা H.S. (10+2) বা সমতুল্য

- কনটাক্ট লেন্স স্পেশালিষ্ট D.C.L.P. - 1 বছর

যোগ্যতা - D.O.S বা সমতুল্য




VOCATIONAL COURSES

- নার্সিং : C.B.P.N. - 1 বছর + 6 মাস ইনটার্নশিপ
- কমিউনিটি হেলথ : C.C.H. S. - 6 মাস
- স্যানিটারি ইনসপেকশন : C.S.I. - 6 মাস

যোগ্যতা - মাধ্যামিক / সমতুল্য

Prospectus Rs. 300/-

www.kradhikarycollege.org

College : Dr. K.R. Adhikary College of Optometry & Paramedical Technology

B-17 / 30 (S), I.T.I. More, Kalyani, Nadia | Phone : 2580-9369 | Mob.: 9339218894, 9477425536

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




# কারেন্ট অ্যাফেয়ার্স

৩১ মে-৯ জুন

**৩১ মে** আফগানিস্তানের কাছাকাছি দুর্গম সীমান্তবর্তী পাকিস্তানের জনজাতি অধ্যুষিত এলাকায় শান্তি ফেরাতে সংবিধানের একটি গুরুত্বপূর্ণ সংশোধনী বিলে সই করলেন পাক প্রেসিডেন্ট মামনুন হুসেন। এর ফলে ওই অঞ্চলগুলিকে খাইবার পাখতুনখোয়া প্রদেশের অন্তর্ভুক্ত বলে ঘোষণা করা হল। দেড়শো বছর আগে জনজাতি অধ্যুষিত এই সব এলাকাকে তৎকালীন ব্রিটিশ শাসকেরা আংশিক স্বশাসিত বলে ঘোষণা করেছিল। পরবর্তী কালে জঙ্গিদের মুক্তাঞ্চল হয়ে দাঁড়ায় এলাকাগুলি। সন্ত্রাস রুখতে জাতীয় আইনসভা, সেনেট এবং খাইবার-পাখতুনখোয়ার প্রাদেশিক আইনসভায় এই সংশোধনী বিলের প্রস্তাব আগেই পাশ হয়েছিল। প্রেসিডেন্টের সম্মতির পর প্রস্তাবটি বাস্তবায়িত হতে আর বাধা রইল না।

**৬ জুন** রাজ্যে পঞ্চায়েত ভোট মিটতেই রদবদল হল রাজ্য মন্ত্রিসভায়। দপ্তর বদল হল সাত মন্ত্রীর। ২০১৬ সালে দ্বিতীয়বারের জন্য তৃণমূল সরকার গঠনের পর এটাই মন্ত্রিসভায় সবচেয়ে বড় রদবদল। এ বারের রদবদলে সবথেকে উল্লেখযোগ্য হল সুব্রত মুখোপাধ্যায় ও শোভন চট্টোপাধ্যায়ের দপ্তর ছাঁটাই। সুব্রতবাবুর হাতে থাকা জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের বদলে তাঁকে জলসম্পদ ও ক্ষুদ্র সেচ দপ্তর দেওয়া হয়েছে। যদিও পঞ্চায়েত-গ্রামোন্নয়ন দপ্তর আগের মতোই তাঁর হাতে থাকছে। মেয়র শোভন চট্টোপাধ্যায়ের হাত থেকে পরিবেশ দপ্তর নিয়ে নেওয়া হয়েছে। তাঁর দায়িত্বে থাকছে দমকল ও আবাসন। শুভেন্দু অধিকারী পরিবহণের সঙ্গে পরিবেশ দপ্তরের দায়িত্বও সামলাবেন। রাজীব বন্দ্যোপাধ্যায়কে সেচ-জলপথ থেকে সরিয়ে অনগ্রসর শ্রেণি উন্নয়ন দপ্তরে আনা হয়েছে।

## স্পেনে ক্ষমতায় এলেন বামপন্থী সানচেজ




**২ জুন:** স্পেনের সংসদে আস্থা ভোটে হেরে দেশের প্রধানমন্ত্রীর আসন ছাড়তে বাধ্য হলেন মারিয়ানো রাহয়। আধুনিক স্পেনের ইতিহাসে এ ভাবে আস্থা ভোটে হেরে ক্ষমতাচ্যুত হওয়া নজিরবিহীন ঘটনা। তাঁর জায়গায় ক্ষমতায় এলেন, সোশ্যালিস্ট পার্টির পেদ্রো সানচেজ। বাইবেল বা যিশুর মূর্তি ছাড়াই আগামী দু'বছরের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন ৪৬ বছর বয়সি এই বামপন্থী নেতা। আধুনিক স্পেনের ইতিহাসে এ রকম ঘটনা আগে কখনও ঘটেনি। রাহয়ের রক্ষণশীল পপুলার পার্টির বিরুদ্ধে অনেকদিন ধরেই বিপুল আর্থিক তছরুপের অভিযোগ জমা হয়েছিল। যার জেরেই সংসদে অনাস্থা প্রস্তাব আনেন সানচেজ। সেই প্রস্তাবের পক্ষে ১৮০ জন ও বিপক্ষে ১৬৯ জন ভোট দেন। উল্লেখ্য, ১৯৭৫ সালে একনায়ক ফ্রান্সিসকো ফ্রাঙ্কোর মৃত্যুর পর সামরিক শাসন থেকে মুক্ত হয় স্পেন। গণতন্ত্র ফেরে দেশে। সানচেজ হলেন স্পেনের সপ্তম প্রধানমন্ত্রী।

**রাষ্ট্রপুঞ্জের শান্তিরক্ষার অভিযানে গত** ৭০ বছরে ভারতীয় জওয়ানরাই সবচেয়ে বেশি প্রাণ হারিয়েছেন। রাষ্ট্রপুঞ্জের এক পরিসংখ্যানে বলা হয়েছে, ১৯৪৮ সাল থেকে এ পর্যন্ত ৩৭৩৭ জন জওয়ান শান্তিরক্ষার কাজ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে ১৬৩ জন ভারতীয়। উল্লেখ্য, রাষ্ট্রপুঞ্জে শান্তিরক্ষা বাহিনীতে যে সব দেশ সেনা দেয়, তার মধ্যে ভারত তৃতীয়। সাইপ্রাস, কঙ্গো, হাইতি, লেবানন, পশ্চিম এশিয়া, দক্ষিণ সুদান এবং পশ্চিম সাহারায় এই মুহূর্তে রয়েছেন প্রায় ৬৬৯৩ জন ভারতীয় জওয়ান। মালিতে আয়োজিত রাষ্ট্রপুঞ্জের শান্তিরক্ষী বাহিনীর ৭০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মহাসচিব আন্তোনিও গুতেরেজ বলেন, 'যে দশ লক্ষ নারী-পুরুষ রাষ্ট্রপুঞ্জের সেবা করেছেন এবং অগণিত মানুষের প্রাণ বাঁচিয়েছেন, তাঁদের কাছে আমরা কৃতজ্ঞ।'

**মার্কিন যুক্তরাষ্ট্র** তাদের 'প্রশান্ত মহাসাগরীয় কম্যান্ড'-এর নাম বদলে 'ভারতীয়-প্রশান্ত মহাসাগরীয় কম্যান্ড' রাখল। সামরিক জোটসঙ্গী হিসেবে পেন্টাগনের কাছে ভারতের গুরুত্ব বাড়ছে, নয়াদিল্লিকে এই বার্তা দিতেই এই নাম বদল করল তারা। পার্ল হারবারে সেনাবাহিনীর একটি অনুষ্ঠানে মার্কিন প্রতিরক্ষা সচিব জিম ম্যাটিস বলেছেন, 'ভারত ও প্রশান্ত মহাসাগরীয় এলাকার আঞ্চলিক স্থিতিশীলতা বজায় রাখতে আমাদের সহযোগী ও মিত্র দেশগুলির গুরুত্ব অনস্বীকার্য। যে কারণে মার্কিন প্রশান্ত মহাসাগরীয় কম্যান্ডের নাম বদল করে এ বার ভারতীয়-প্রশান্ত মহাসাগরীয় কম্যান্ড রাখা হল।' মার্কিন কম্যান্ডের এই নাম বদল দৃষ্টি এড়ায়নি চিনেরও। সে দেশের প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র রেন গুয়োকিয়াং জানিয়েছেন, সম্পর্কের এই অগ্রগতিতে নজর রাখবেন তাঁরা।

## অগ্নি-৫ এর উৎক্ষেপণ সফল



**৩ জুন:** ওড়িশার চাঁদিপুর উপকূলের কাছে কালাম দ্বীপ থেকে অগ্নি-৫ ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণ করল ভারতের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও)। পরমাণু অস্ত্র বহনে সক্ষম ভারতীয় প্রযুক্তিতে নির্মিত এই ক্ষেপণাস্ত্রটি ৫০০০ কিলোমিটার পর্যন্ত দূরের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম।



“মুসলিম তথা সংখ্যালঘু সমাজের সমস্যা অনুধাবন করতে পেরেছিলেন দেশবন্ধু। কলকাতার মেয়র হিসেবে ও শিষ্য সুভাষচন্দ্রের সহযোগিতায় 'বেঙ্গল প্যাক্ট' চালু করেছিলেন। এতে সারা ভারতেরই মুসলিম সমাজের অধিকার সুরক্ষিত হয়েছিল। অনেকে মনে করেন, যদি ' বেঙ্গল প্যাক্ট' সারা ভারতের প্রেক্ষিতে কার্যকর হত, তাহলে দেশভাগের দরকার হত না।”

প্রণব মুখোপাধ্যায়, *ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি*

*দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের ৯৩তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ১৬ জুন দিল্লির চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির অনুষ্ঠানে*

## মোদীর চিন সফরে নয়া সমঝোতা দু'দেশের



**৯ জুন:** চিনের কিন্দাওয়ে সাংহাই সহযোগিতা সংগঠন তথা এসসিও-র ১৮তম শীর্ষ সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । গত দেড় মাসের মধ্যে দ্বিতীয়বার চিনে গেলেন তিনি। সম্মেলনের আগে ফের এক বার চিনা প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করলেন মোদী। ডোকলামের অস্বস্তি সরিয়ে রেখে ভারত ও চিন যে সামনে এগোচ্ছে তার বার্তা পাওয়া গেল এই বৈঠকে। ঠিক হয়েছে, বাণিজ্য ঘাটতি কমাতে ভারত থেকে অ-বাসমতী চাল আমদানি করবে চিন। ২০১৯-এ ভারতে গিয়ে ঘরোয়া বৈঠকে যোগ দেওয়ার আমন্ত্রণ গ্রহণ করেছেন চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। চিনের সঙ্গে সমঝোতা হয়েছে নদীর জল সংক্রান্ত তথ্যের আদানপ্রদান নিয়েও। গতবছর ব্রহ্মপুত্রের জলে কাদামাটি ও দূষণ বেড়ে যাওয়ায় উদ্বেগ তৈরি হয়েছিল। তারপরেই জল তথ্য প্রদানের দাবি ওঠে ভারতের পক্ষ থেকে। আগেও জল তথ্য আদানপ্রদানের একটা ব্যবস্থা চালু ছিল দু'দেশের মধ্যে। ডোকলাম নিয়ে ৭৩ দিন ধরে দু'দেশের মধ্যে অচলাবস্থা চলার সময় বেজিং এই তথ্য দেওয়া বন্ধ করে দেয়। অন্য সমঝোতাটি হয়েছে চাল রপ্তানি নিয়ে। বর্তমানে ভারত থেকে শুধু বাসমতী চালই নেয় বেজিং। এখন থেকে দু'দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি কমাতে অন্যান্য চাল নিতেও প্রস্তুত হয়েছে চিন। এ দিন উজবেকিস্তানের প্রেসিডেন্ট শাবকত মিরিজিয়য়েভের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক হয়েছে মোদীর। উল্লেখ্য, এই প্রথম আট দেশের এসসিও জোটের নতুন সদস্য হিসেবে সম্মেলনে অংশ নিল ভারত ও চিন। বাকি সদস্যরা হল রাশিয়া, কাজাখস্তান, তাজিকিস্তান, কিরগিজস্তান ও উজবেকিস্তান। ছবি: পি টি আই

**১ জুন** আইসিসি-র ওয়ান ডে র‍্যাঙ্কিংয়ে ১২টি দল আগেই ছিল। আরও নতুন করে চারটি দল যোগ করল বিশ্ব ক্রিকেটের নিয়ামক সংস্থা। এই চারটি দল হল নেপাল, নেদারল্যান্ডস, স্কটল্যান্ড এবং সংযুক্ত আরব আমিরশাহি। গত বছর আইসিসি বিশ্ব ক্রিকেট লিগ চ্যাম্পিয়নশিপ জিতে নেদারল্যান্ডস ওয়ান ডে খেলার ছাড়পত্র পেয়েছিল। স্কটল্যান্ড, নেপাল এবং আমিরশাহি বিশ্বকাপ বাছাই পর্বে সেরা পারফরম্যান্সের সুবাদে এই ছাড়পত্র পায়। প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে স্কটল্যান্ড ১৩ নম্বর এবং আমিরশাহি ১৪ নম্বর স্থানে আছে। ১২ নম্বরে আয়ার্লান্ড।

**মেসি, নেমার গোল করলে অন্নসংস্থান** হতে পারে হাজার হাজার দরিদ্র শিশুর। অভিনব এই পরিকল্পনা করেছেন একটি আন্তর্জাতিক বাণিজ্যিক সংস্থা। আসন্ন রাশিয়া বিশ্বকাপ সহ, ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত দুই তারকা যত গোল করবেন, তার প্রত্যেকটির জন্য ১০ হাজার স্কুল পড়ুয়ার মধ্যাহ্নভোজনের যাবতীয় খরচ দেওয়া হবে। গোটা পরিকল্পনাটাই রাষ্ট্রপুঞ্জের 'বিশ্ব খাদ্য কর্মসূচি'-র অঙ্গ।

**২ জুন** ডিমড বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পেল ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অব সায়েন্স (আইএসিএস)। প্রতিষ্ঠানের অধিকর্তা শান্তনু ভট্টাচার্য জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার ডি-নোভো শ্রেণিতে তাঁদের প্রতিষ্ঠানকে ডিমড বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি দিয়েছে। অগস্ট থেকেই নতুন যাত্রা শুরু করবে প্রতিষ্ঠানটি। ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত এই শিক্ষা প্রতিষ্ঠানেই গবেষণা করেছেন নোবেলজয়ী বিজ্ঞানী সি ভি রমন।

**৩ জুন** খুনের মামলার আসামীর প্রাণভিক্ষার আবেদন খারিজ করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। পাঁচ বছর আগে খুনের মামলায় বিহারের জগৎ রাইকে মৃত্যুদণ্ড দিয়েছিল সুপ্রিম কোর্ট। এ বার তার প্রাণভিক্ষার আবেদন খারিজ করলেন রাষ্ট্রপতি। স্বরাষ্ট্রমন্ত্রক সূত্রে জানানো হয়েছে ১০ মাস ধরে বিচারের জন্য এই আবেদনটি রাষ্ট্রপতির কাছে বিবেচনার জন্য পড়ে ছিল। গত বছর জুলাইয়ে রাষ্ট্রপতির পদে আসার পর এই প্রথম কোনও প্রাণভিক্ষার আবেদন খারিজ করলেন কোবিন্দ।

**৪ জুন** জাতীয় দলের হয়ে শততম ম্যাচ খেলে ফেললেন অধিনায়ক সুনীল ছেত্রী। মুম্বইয়ে চতুর্দেশীয় ফুটবল প্রতিযোগিতায় কেনিয়াকে ৩-০ গোলে হারাল ভারত। শততম ম্যাচে জোড়া গোল করলেন সুনীল। ম্যাচের আগে তাঁকে 'গার্ড অব অনার' দেওয়া হয়। তুলে দেওয়া হয় স্মারকও।

**দেশজোড়া বিক্ষোভের মুখে ইস্তফা দিতে** বাধ্য হলেন জর্ডনের প্রধানমন্ত্রী হ্যানি মুলকি। অনেকদিন ধরেই আয়কর নিয়ে কড়াকড়ি ও জিনিসপত্রের মূল্যবৃদ্ধি নিয়ে সমালোচনা ও প্রতিবাদের মুখে পড়েছিল মুলকি সরকার। গোটা দেশে সরকার বিরোধী আন্দোলন শুরু হয়। তারপরেই রাজা আবদুল্লার কাছে ইস্তফাপত্র জমা দেন মুলকি।

## আরএসএস দপ্তরে প্রণব মুখোপাধ্যায় বললেন বহুত্ববাদ ও সহিষ্ণুতার কথা



**৭ জুন:** আর এস এস সদরদপ্তরে গিয়ে বহুত্ববাদ ও সহিষ্ণুতার কথা বলে সমালোচকদের মুখ বন্ধ করলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। নাগপুরে সঙ্ঘ পরিবারের প্রতিষ্ঠা দিবসের আমন্ত্রণ স্বীকার করে প্রণব এ দিন প্রথমে আরএসএসের প্রতিষ্ঠাতা হেডগেওয়ারের সমাধিতে যান। সেখানে গিয়ে ভিজিটার্স বুকে লেখেন, 'হেডগেওয়ার ভারত মাতার এক মহান সন্তান'। পরে সঙ্ঘের অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রশ্ন তোলেন, সুখী দেশের তালিকায় ১৫৬টি রাষ্ট্রের মধ্যে ২০১৮-য় ভারত ১৩৮তম কেন। তাঁর ভাষণে দেশের অসহিষ্ণু পরিবেশের নিন্দা করে বলেন, 'দেশের ঐতিহ্য বহুত্ববাদ। আমাদের জাতীয় পরিচয় আমরা পেয়েছি পারস্পরিক আদানপ্রদানের মাধ্যমে। সেটাই আমাদের বৈশিষ্ট্য। তা আমাদের সহিষ্ণু করেছে।' তিনি আরও বলেন, দেশকে কোনও একটি ধর্ম, অঞ্চল, ঘৃণা, অসহিষ্ণুতা দিয়ে চিহ্নিত করতে গেলে তা আসলে দেশের পরিচিতিকেই লঘু করে দেবে। এ প্রসঙ্গে প্রাক্তন রাষ্ট্রপতি বলেন, 'দেশের পরম বিশ্বাসের জায়গা ধর্মনিরপেক্ষতা।'

**৫ জুন** গুয়াতেমালার ফুয়েগো আগ্নেয়-গিরির অগ্ন্যুৎপাতে ৬৯ জনের প্রাণহানি হল। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা। জখম শতাধিক। ইতিমধ্যেই তিন হাজারেরও বেশি মানুষ ঘরবাড়ি ছেড়ে পালাতে বাধ্য হয়েছেন। গত ১০০ বছরে ফুয়েগোর এ রকম রূপ দেখা যায়নি। একের পর এক বিস্ফোরণের পর এলাকায় ছড়িয়ে পড়েছে বিষাক্ত গ্যাস। খয়েরি-ধূসর আস্তরণে ঢাকা পড়েছে আগ্নেয়গিরি সংলগ্ন এলাকার বাড়িঘর, গাছপালা। ধস নেমেও চাপা পড়েছে অসংখ্য বাড়িঘর। বন্ধ করে দেওয়া হয়েছে গুয়াতেমালার প্রধান আন্তর্জাতিক বিমানবন্দরটিও। ভয়াবহ ক্ষতির মুখোমুখি সে দেশের কফি খামারগুলিও। সে দেশের প্রেসিডেন্ট জিমি মোরালেস এই পরিস্থিতিতে মাথা ঠান্ডা রেখে বিপর্যয় মোকাবিলার অনুরোধ জানিয়েছেন।

**৮ জুন** বাংলাদেশ থেকে রোহিঙ্গা উদ্বাস্তুদের ফিরিয়ে নেওয়ার প্রশ্নে বিদেশসচিব পর্যায়ের বৈঠকে মায়ানমারকে সবরকম সহায়তার আশ্বাস দিল ভারত। বিদেশমন্ত্রক সূত্রে বলা হয়েছে, বিদেশসচিব বিজয় গোখলে মায়ানমারের সংশ্লিষ্ট কর্তাদের জানিয়েছেন, এই কাজে ভারত ইতিমধ্যেই হাত লাগিয়েছে। বাংলাদেশের কক্সবাজারের পাশাপাশি মায়ানমারের রাখাইন প্রদেশে রোহিঙ্গাদের জন্য আবাসন ও অন্যান্য পরিকাঠামো তৈরি করছে নয়াদিল্লি।

## মিতালি রাজের নজির



**৭ জুন:** মেয়েদের টি-টোয়েন্টি ক্রিকেটের প্রথম দু'হাজার রানে পৌঁছলেন মিতালি রাজ। ভারতের প্রথম ক্রিকেটার এবং বিশ্ব ক্রিকেটে তিনি সপ্তম মহিলা ক্রিকেটার যিনি এই কীর্তি গড়লেন। কুয়ালা লামপুরে টি-টোয়েন্টি এশিয়া কাপে শ্রীলঙ্কার বিরুদ্ধে এই রেকর্ড গড়লেন মিতালি। ৭৪টি টি-টোয়েন্টি ম্যাচে মিতালি করেছেন ২০১৫ রান। ১৪টি অর্ধশতরান রয়েছে তাঁর। গড় ৩৮.০১। উল্লেখ্য, বিরাট কোহলিও এখনও পর্যন্ত টি-টোয়েন্টিতে ২০০০ রান পূর্ণ করতে পারেননি।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভিনিগারের দ্রবণের স্বাদ কেমন হয়?
(a) টক (b) তেতো (c) কষাটে (d) মিষ্টি
2. যে সমস্ত ধাতব অক্সাইড বা হাইড্রক্সাইড জলে দ্রবীভূত হয়ে অ্যানায়ন হিসেবে শুধুমাত্র OH অয়ান দেয় তাদের বলা হয়:
(a) অম্ল (b) ক্ষার (c) ক্ষারক (d) যৌগ
3. পিঁপড়ের হুলে থাকে:
(a) টার্টারিক অ্যাসিড (b) ফরমিক অ্যাসিড (c) ম্যালিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড
4. খাবার সোডার দ্রবণের স্বাদ কেমন হয়?
(a) টক (b) তেতো (c) মিষ্টি (d) কষাটে
5. লিটমাস কাগজের ক্ষারীয় দ্রবণের বর্ণ হয়:
(a) লাল (b) নীল (c) বেগুনি (d) গোলাপি
6. খাবার সোডার জলীয় দ্রবণ:
(a) আম্লিক হয় (b) ক্ষারীয় হয় (c) প্রশম হয় (d) কোনওটিই নয়
7. HCOOH এটি কার সংকেত?
(a) ফরমিক অ্যাসিড (b) টার্টারিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) ম্যালিক অ্যাসিড
8. D D T হল এক ধরনের:
(a) সার (b) ডিটারজেন্ট (c) কীটনাশক (d) বালি
9. পিত্তরসের pH হল:
(a) 8–8.60 (b) 7.35 – 7.45 (c) 0.9 – 1.05 (d) 7 – 9
10. জ্বালানি খাদ্য হল:
(a) নিউক্লিক অ্যাসিড (b) প্রোটিন (c) শর্করা (d) ফ্যাট
11. কোন মৌল ছাড়া জীবকোষ গঠন সম্ভব নয়?
(a) অ্যালুমিনিয়াম (b) সিলিকন (c) সোনা (d) কার্বন
12. চা-তে কোন অ্যাসিড থাকে?
(a) ট্যানিক (b) পারদ (c) ক্যাডমিয়াম (d) ইউরেনিয়াম
13. মেরুদণ্ড বেঁকে যায় যার জন্য:
(a) সীসা (b) পারদ (c) ক্যাডমিয়াম (d) ইউরেনিয়াম
14. অ্যান্টাসিড এক প্রকার:
(a) ক্ষার (b) ক্ষারক (c) অম্ল (d) নির্দেশক
15. নীচের কোন পদার্থটি কেলাসাকার?
(a) চিনি (b) চকের গুঁড়ো (c) চুন (d) বালি
16. রক সল্ট বলা হয় কোনটিকে?
(a) সৈন্ধব লবণকে (b) বিট লবণকে (c) মারবেল পাথরকে (d) খাদ্য লবণকে
17. ইথিলিনের পলিমার হল:
(a) প্লাস্টিক (b) PVC (c) PET (d) পলিথিন
18. অ্যাসকরবিক অ্যাসিড কোন ভিটামিনের রাসায়নিক নাম?
(a) A (b) B (c) C (d) D
19. কোন মৌলটির অভাবে গলগণ্ড রোগ হয়?
(a) Fe (b) I (c) Na (d) Cu
20. কাচের মধ্যে বর্তমান নয়:
(a) চুনাপাথর (b) সোডাভস্ম (c) বালি (d) সিমেন্ট
21. সাবানজলে মিথাইল অরেঞ্জ-এর বর্ণ হবে:
(a) লাল (b) নীল (c) সবুজ (d) হলুদ
22. লেবুর রসে খাবার সোডা মিশালে কোন গ্যাস উৎপন্ন হবে?
(a) মিথেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) অক্সিজেন (d) সালফার ডাইঅক্সাইড
23. কোনও দ্রবণের pH-10 হলে এই দ্রবণকে কী বলা হবে?
(a) আম্লিক (b) ক্ষারীয় (c) প্রশম (d) কোনওটিই নয়
24. লিপিড জলে:
(a) দ্রাব্য (b) অদ্রাব্য (c) a এবং b দুটোই ঠিক (d) a এবং b দুটোই ভুল
25. রেচনক্রিয়ায় নীচের কোন অঙ্গটি কাজ করে?
(a) যকৃৎ (b) অগ্ন্যাশয় (c) বৃক্ক (d) অন্ত্র
26. মানসিক চাপ বাড়লে দেহে অ্যাসিডের পরিমাণ:
(a) বাড়ে (b) কমে (c) অপরিবর্তিত থাকে (d) কখনও বাড়ে কখনও কমে
27. প্রোটিনের প্রধান উপাদান হল:
(a) কার্বন (b) নাইট্রোজেন (c) হাইড্রোজেন (d) অক্সিজেন
28. হিমোগ্লোবিন দেহের কোথায় থাকে?
(a) লোহিত রক্তকণিকায় (b) শ্বেত রক্তকণিকায় (c) অণুচক্রিকায় (d) রক্তের প্লাজমায়
29. ভিটামিন D-এর অভাবজনিত রোগ হল:
(a) রিকেট (b) বেরিবেরি (c) অন্ধত্ব (d) অ্যানিমিয়া
30. কোলাজেন প্রোটিন থাকে:
(a) চুলে (b) পেশিতে (c) অস্থিতে (d) স্নায়ুতে
31. নীচের কোন জায়গাটি মধ্যপ্রদেশের?
(a) ইলোরা (b) মহাবলীপুরম (c) খাজুরাহো (d) আঙ্কোরভাট
32. 'Cutting Edge' কার আত্মজীবনী?
(a) শোয়েব আখতার (b) ইমরান খান (c) জাভেদ মিয়াদাদ (d) ওয়াসিম আক্রাম
33. বহুল ব্যবহৃত অ্যান্টিবায়োটিক পেনিসিলিন কোন জাতীয় উদ্ভিদ থেকে পাওয়া যায়?
(a) ছত্রাক (b) শৈবাল (c) পাইন (d) গুপ্তবীজী
34. 'পৌষ ফাগুনের পালা' উপন্যাসটি কার লেখা?
(a) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় (b) গজেন্দ্রনাথ মিত্র (c) শিবরাম চক্রবর্তী (d) রাজশেখর বসু
35. কংগ্রেসের প্রথম মহিলা সভানেত্রী হলেন:
(a) বিজয়লক্ষ্মী পণ্ডিত (b) সুচেতা কৃপালিনী (c) অ্যানি বেসান্ত (d) সরোজিনী নাইডু
36. প্রতি বছর নোবেল পুরস্কার দেওয়া হয়:
(a) 5 ডিসেম্বর (b) 10 ডিসেম্বর (c) 15 ডিসেম্বর (d) 20 ডিসেম্বর
37. নীচের কোন পদাধিকারী সংসদের সদস্য না হলেও আলোচনায় অংশ নিতে পারেন?
(a) উপরাষ্ট্রপতি (b) নির্বাচন কমিশনার (c) অডিটর জেনারেল (d) অ্যাটর্নি জেনারেল
38. মহারাজ রঞ্জিৎ সিং গোল্ড কাপ খেলাটি যুক্ত:
(a) ক্রিকেটের সঙ্গে (b) ফুটবলের সঙ্গে (c) ব্যাডমিন্টনের সঙ্গে (d) হকির সঙ্গে
39. দূরের জিনিস দেখার জন্য কোন লেন্স ব্যবহার করা হয়?
(a) উত্তল (b) অবতল (c) উভোত্তল (d) কোনওটিই নয়
40. কম্পিউটারে MB কথার অর্থ কী?
(a) Memory Board (b) Mega Byte (c) Mega Brain (d) Memory Based
41. প্রাচীন সংবহন কলাতন্ত্রবিশিষ্ট (Vascular) উদ্ভিদের স্টিলির প্রকৃতি ছিল?
(a) সাইফোনোস্টিলি (b) ডিক্টিওস্টিলি (c) অ্যাকাটোস্টিলি (d) প্রোটোস্টিলি
42. শ্বেত বিপ্লব বলতে কীসের অধিক উৎপাদনকে বোঝায়?
(a) মাছ (b) মাংস (c) ডিম (d) দুধ
43. কলহনের রাজতরঙ্গিনী অনুসারে মৌর্য সম্রাট অশোকের প্রিয় দেবতা ছিলেন:
(a) শিব (b) বিষ্ণু (c) ব্রহ্মা (d) মনসা
44. আজুরি কোন দেশের ফুটবলার দের বলা হয়?
(a) ব্রাজিল (b) রাশিয়া (c) ইতালি (d) ইংল্যান্ড
45. সাদা হাতির দেশ কাকে বলে?
(a) মায়ানমার (b) থাইল্যান্ড (c) মালয়েশিয়া (d) ইন্দোনেশিয়া
46. কাকে চিনির পাত্র বলে?
(a) কিউবা (b) ব্রাজিল (c) আর্জেন্টিনা (d) ভেনেজুয়েলা
47. কোন প্রাণীর শাবককে 'colt' বলে?
(a) ছাগল (b) ভেড়া (c) মোষ (d) ঘোড়া
48. হরিপ্রসাদ চৌরাসিয়া নামটি কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত?
(a) সানাই (b) কনসার্ট (c) বাঁশি (d) সেতার
49. গগন নারাং নামটি কীসের সঙ্গে যুক্ত?
(a) তিরন্দাজ (b) কুস্তি (c) রাইফেল শুটিং (d) বক্সিং
50. 'Table Salt' কাকে বলে?
(a) ম্যাগনেশিয়াম ক্লোরাইড (b) সোডিয়াম ক্লোরাইড (c) ক্যালশিয়াম ক্লোরাইড (d) পটাশিয়াম ক্লোরাইড
51. A, B, C, D, E, F বৃত্তাকারে দাঁড়িয়ে আছে। B আছে F এবং C-এর মাঝে, A আছে E এবং D-এর মাঝে এবং F আছে D-এর বাঁদিকে, A এবং F-এর মাঝে কে আছে?
(a) B (b) C (c) D (d) E
52. STAINLESS এই শব্দটির অক্ষরগুলি দ্বারা নীচের কোন শব্দটি গঠন করা যাবে না।
(a) SIN (b) ANT (c) PEN (d) STAIN
53. শ্রেণিসারিটি সম্পূর্ণ করুন: 2, 6, 11, 17 _____ 32.
(a) 22 (b) 24 (c) 23 (d) 28
54. 212, 179, 146, 113 __?__.
(a) 91 (b) 79 (c) 112 (d) 80
55. নীচের কোন চিত্রটি তিমি, মাছ, কুমিরের মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

56. N, Q, S, V, X, ?
(a) Y (b) Z (c) A (d) B
57. 3, 4, 6, 8, 12, ?
(a) 14 (b) 16 (c) 18 (d) 20
58. –1, 6, 25, 62, 123, ?
(a) 210 (b) 211 (c) 212 (d) 214
59. Tractor : Trailer : : Horse : ?
(a) Engine (b) Cart (c) Stable (d) Saddle
60. Push : Pull : : Throw : ?
(a) Pick (b) Jump (c) Collect (d) Game
61. বেমানান কোনটি?
(a) মথুরা (b) বারাণসী (c) কানপুর (d) হরিদ্বার
62. বেমানান কোনটি?
(a) TOFO (b) ANM (c) EVOL (d) JKMN
63. কোনটি বেমানান?
(a) নেপচুন (b) চাঁদ (c) পৃথিবী (d) মঙ্গল
64. কোনটি বেমানান?
(a) আপেল (b) বেদানা (c) গাজর (d) আঙুর
65. যদি D = 4 এবং PEN = 35 হয় তাহলে PAGE = ?
(a) 27 (b) 29 (c) 30 (d) 32
66. TEACHER = VGCEJGT হয় CHILDREN = ?
(a) EKNJFTGP (b) EJKNFTGP (c) KNJFGTP (d) কোনওটিই নয়
67. একটি আপেলের দাম 7 টাকা এবং একটি আমের দাম 5 টাকা হলে 38 টাকায় ক'টি ফল পাওয়া যাবে?

এরপর তেরোর পাতায়

শেষ মুহূর্তের মহড়া

# রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*পরীক্ষা ২৪ জুন*

1. মার্শ গ্যাসের মূল উপাদান হল:
(a) কার্বন মনোক্সাইড (b) ইথেন (c) মিথেন (d) কার্বন ডাইঅক্সাইড
2. বোরিক অ্যাসিডের সংকেত কী?
(a) $H_3BO_4$ (b) $H_3BO_3$ (c) HBr (d) $H_3PO_4$
3. 'ক্রাইম অ্যান্ড পানিশমেন্ট' গ্রন্থটির লেখক হলেন:
(a) জেমস পিটার (b) আন্তন চেকভ (c) ফিয়োদর দস্তয়েভস্কি (d) মিখাইল শলোকভ
4. 'গুগলি' শব্দটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) তাস (b) ক্রিকেট (c) ভলিবল (d) ফুটবল
5. 'জ্যাজ' এই বইটি কার লেখা?
(a) বিক্রম শেঠ (b) টনি মরিসন (c) অ্যালান প্যাটন (d) শোভা দে
6. ভারতের অ্যাটর্নি জেনারেল কার দ্বারা নিযুক্ত হন?
(a) ভারতের প্রধানমন্ত্রী (b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (c) ভারতের নির্বাচন কমিশন (d) ভারতের রাষ্ট্রপতি
7. মোম হল প্রকৃতপক্ষে:
(a) হাইড্রোক্লোরাইড (b) হাইড্রোকার্বন (c) হাইড্রোফ্লুরাইড (d) হাইড্রক্সাইড
8. পিঁপড়ের হুলে থাকে কোন অ্যাসিড?
(a) সাইট্রিক অ্যাসিড (b) অ্যাসেটিক অ্যাসিড (c) ফর্মিক অ্যাসিড (d) ল্যাকটিক অ্যাসিড
9. হিথরো বিমানবন্দর কোথায় অবস্থিত?
(a) রোম (b) বার্মিংহাম (c) লন্ডন (d) সিডনি
10. দিলওয়ারা মন্দির কোথায় অবস্থিত?
(a) হরিয়ানা (b) পাঞ্জাব (c) রাজস্থান (d) বিহার
11. ভারতে কোন সময় থেকে মূর্তিপূজার প্রমাণ পাওয়া যায়?
(a) বৈদিক যুগ (b) প্রাক আর্যযুগ (c) মৌর্য যুগ (d) কুষাণ যুগ
12. প্রাচীন কলিঙ্গ রাজ্যের শ্রেষ্ঠ রাজার নাম কী ছিল?
(a) অজাতশত্রু (b) ময়ূরবর্মণ (c) খারবেল (d) বিন্দুসার
13. প্রাচীন ভারতের বিখ্যাত চিকিৎসক ধন্বন্তরী কার রাজসভায় সভাসদ ছিলেন?
(a) অশোক (b) সমুদ্রগুপ্ত (c) কণিষ্ক (d) বিক্রমাদিত্য
14. নীচের কোন শাসক বৌদ্ধধর্ম গ্রহণ করেননি?
(a) অশোক (b) কণিষ্ক (c) সমুদ্রগুপ্ত (d) হর্ষবর্ধন
15. উত্তর গোলার্ধের দীর্ঘতম দিন হল:
(a) 22 ডিসেম্বর (b) 22 মার্চ (c) 21 সেপ্টেম্বর (d) 21 জুন
16. একটি বৃহত্তম প্রাণীকোষের নাম হল:
(a) মেসোজোম (b) নিউরন (c) উটপাখির ডিম (d) কোনওটিই নয়
17. একমাত্র কোন ভিটামিনে কোবাল্ট থাকে?
(a) $B_6$ (b) $B_{12}$ (c) $B_2$ (d) $B_1$
18. যে উদ্ভিদ আশ্রয় ও পুষ্টির ব্যাপারে অন্য গাছের ওপর নির্ভরশীল তাকে বলে:
(a) মৃতজীবী (b) স্বভোজী (c) পরভোজী (d) পরাশ্রয়ী
19. মানবদেহে কোন কলায় স্নেহ পদার্থ সঞ্চিত হয়?
(a) মেদ কলায় (b) পেশি কলায় (c) আবরণী কলায় (d) যোগ কলায়
20. হাড় ও দাঁতের গঠনের জন্য প্রয়োজনীয় ভিটামিন হল:
(a) ভিটামিন-B (b) ভিটামিন-A (c) ভিটামিন-D (d) ভিটামিন-C
21. বারদৌলি সত্যাগ্রহ কার নেতৃত্বে পরিচালিত হয়?
(a) মোতিলাল নেহরু (b) বিনোবা ভাবে (c) বল্লভভাই প্যাটেল (d) শিবনারায়ণ অগ্নিহোত্রী
22. কী কারণে লাটুরের ভূমিকম্প হয়েছিল?
(a) জলাধারের নীচে চ্যুতির জন্য (b) অতিরিক্ত জলরাশির চাপে (c) ভঙ্গিল পর্বতের সৃষ্টি থেকে (d) প্লেটের সঞ্চালনে
23. অমৃতবাজার পত্রিকা প্রতিষ্ঠা করেন:
(a) বারীন্দ্র ঘোষ (b) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (c) শিশিরকুমার ঘোষ (d) কৃষ্ণকুমার মিত্র
24. হরপ্পা সভ্যতার লোকেরা কোন দেশের সঙ্গে বাণিজ্য করত?
(a) সুমের (b) রাশিয়া (c) ইরান (d) চিন
25. টোডা উপজাতি দেখতে পাওয়া যায়:
(a) উত্তরাখণ্ডে (b) ঝাড়খণ্ডে (c) ছত্তিশগড়ে (d) নীলগিরি পার্বত্য অঞ্চলে
26. কোন রাজাদের আমলে কৈলাস মন্দির নির্মিত হয়?
(a) রাষ্ট্রকূট (b) চোল (c) শৈলেন্দ্র (d) চালুক্য
27. 'জাতীয় শিক্ষা পরিষদ' গঠিত হয়:
(a) 1907 সালে (b) 1908 সালে (c) 1906 সালে (d) 1902 সালে
28. কোন গোলটেবিল বৈঠকের সুপারিশের ভিত্তিতে ব্রিটিশ সরকার একটি 'শ্বেতপত্র' প্রকাশ করে?
(a) দ্বিতীয় গোলটেবিল বৈঠক (b) প্রথম গোলটেবিল বৈঠক (c) তৃতীয় গোলটেবিল বৈঠক (d) কোনওটাই নয়
29. 'সঞ্জীবনী' পত্রিকার সম্পাদক ছিলেন:
(a) ভূপেন্দ্রনাথ দত্ত (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) বিপিনচন্দ্র পাল (d) কৃষ্ণকুমার মিত্র
30. 'City of Saints'-এর লেখক কে?
(a) কেতন মেহতা (b) স্যার রিচার্ড বর্টন (c) ভি এস নেইপাল (d) শ্যাম বেনেগাল
31. ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি কোথায়?
(a) দিল্লি (b) চেন্নাই (c) কলকাতা (d) মুম্বই
32. সোডিয়াম থায়োসালফেট হল:
(a) বিজারক (b) জারক (c) অনুঘটক (d) কোনওটাই নয়
33. অ্যাসবেসটস-এর একটি উপাদান হল:

এরপর এগারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ২৫৫০ মহিলা কনস্টেবল

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) আয়রন (b) অ্যালুমিনিয়াম (c) সিলিকন (d) অ্যান্টিমনি

34. কোন যৌগটি তড়িৎযোজী?

(a) $O_2$ (b) NaCl (c) $H_2O$ (d) $NH_3$

35. নীচের কোনটি সহজেই জলে দ্রাব্য?

(a) $CCl_4$ (b) $CHCl_3$ (c) $C_2H_5OH$ (d) $CS_2$

36. সমস্ত ধাতুর নাইট্রেটই:

(a) অসুস্থিত (b) জলে অদ্রাব্য (c) বর্ণহীন (d) বর্ণযুক্ত

37. ব্ল্যাক অ্যাশ প্রকৃতপক্ষে:

(a) ক্যালশিয়াম সালফেট (b) অশুদ্ধ সোডিয়াম কার্বনেট (c) সোডিয়াম সালফেট (d) কোনওটাই নয়

38. সাদা আলোর বর্ণালীতে প্রিজম কর্তৃক যে রঙের আলোর চ্যুতি সর্বোচ্চ হয় তা হল:

(a) বেগুনি (b) নীল (c) লাল (d) হলুদ

39. কোন শহরে প্রথম 'এশিয়াড' অনুষ্ঠিত হয়?

(a) টোকিও (b) ব্যাঙ্কক (c) নয়াদিল্লি (d) বেইজিং

40. 'স্বপনবুড়ো' কোন লেখকের ছদ্মনাম?

(a) রাজশেখর বসু (b) সুনীল গঙ্গোপাধ্যায় (c) অখিল নিয়োগী (d) সমরেশ মজুমদার

41. দক্ষিণ ভারত থেকে প্রথম কোন ভারতীয় মহিলা এয়ার ফোর্স ফাইটার পাইলট হয়েছেন?

(a) মেঘানা শানবাগ (b) আসিস্থা সিং (c) ভাবনা কান্থ (d) ভানুপ্রিয়া

42. ইংল্যান্ডে অনুষ্ঠিত কিয়া সুপার লিগে প্রথম কোন ভারতীয় ক্রিকেটার অংশগ্রহণ করলেন?

(a) ঝুলন গোস্বামী (b) স্মৃতি মান্ধানা (c) হরমনপ্রীত কাউর (d) মিতালি রাজ

43. ইন্টারন্যাশনাল ডোমেস্টিক ওয়ার্কার্স ডে পালিত হয় কোন দিন?

(a) জুন 16 (b) জুন 15 (c) জুন 14 (d) জুন 17

44. আদিরাজু ভেঙ্কটেশ্বর রাও সম্প্রতি মারা গেলেন, তিনি কোন পেশার সঙ্গে যুক্ত ছিলেন?

(a) স্পোর্টস (b) সাংবাদিকতা (c) রাজনীতি (d) অভিনয়

45. নীচের নদীগুলির মধ্যে কোনটি উত্তরবঙ্গের অন্যতম প্রধান নদী?

(a) ব্রহ্মপুত্র (b) গোমতী (c) তিস্তা (d) দামোদর

46. 106তম ইন্ডিয়ান সায়েন্স কংগ্রেসের আয়োজন করল কোন শহর?

(a) পাটনা (b) ভোপাল (c) জলন্ধর (d) জয়পুর

47. 23তম ইউরোপিয়ান ইউনিয়ন ফিল্ম ফেস্টিভ্যাল আয়োজন করবে কোন দেশ?

(a) জার্মানি (b) অস্ট্রেলিয়া (c) ভারত (d) সুইৎজারল্যান্ড

48. ভারতের ম্যাঞ্চেস্টার হল:

(a) মুম্বই (b) সুরাট (c) নাগপুর (d) আমেদাবাদ

49. কলিধারা জলপ্রপাত কোন নদীর ওপর অবস্থিত?

(a) নর্মদা (b) কৃষ্ণা (c) চম্বল (d) শোন

50. নীচের কোনটি চর্মরোগ?

(a) অস্টিওম্যালেশিয়া (b) সোরিয়াসিস (c) রিকেট (d) অ্যানিমিয়া

51. একটি নৌকার স্রোতের প্রতিকূলে 20 কিলোমিটার যেতে 5 ঘণ্টা সময় লেগেছে। নদীর স্রোতের গতিবেগ যদি ঘণ্টায় 3 কিলোমিটার হয়, তবে নৌকার প্রকৃত গতিবেগ কত ছিল?

(a) 6 কিমি/ঘণ্টা (b) 8 কিমি/ঘণ্টা (c) 5 কিমি/ঘণ্টা (d) 7 কিমি/ঘণ্টা

52. 100 মিটার লম্বা একটি ট্রেন প্ল্যাটফর্মে দাঁড়ানো এক ব্যক্তিকে 9 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত?

(a) 60 কিমি (b) 80 কিমি (c) 40 কিমি (d) 30 কিমি

53. একজন লোক X থেকে Y দূরত্ব যায় 5 কিমি/ঘণ্টায় এবং Y থেকে X দূরত্বে ফিরে আসে 4 কিমি/ঘণ্টায়। যাতায়াতের গড়বেগ কত?

(a) $4\frac{3}{4}$ কিমি/ঘণ্টা (b) $4\frac{1}{2}$ কিমি/ঘণ্টা (c) $4\frac{4}{9}$ কিমি/ঘণ্টা (d) $2\frac{2}{9}$ কিমি/ঘণ্টা

54. একজন কৃষক 12 দিনে 6 বিঘা জমি চাষ করতে পারেন। তিনি 36 দিনে কত বিঘা জমি চাষ করতে পারবেন?

(a) 18 বিঘা (b) 14 বিঘা (c) 15 বিঘা (d) 16 বিঘা

55. একজন রাজমিস্ত্রি প্রতিদিন 6 ঘণ্টা কাজ করলে 4 দিনে একটি দেওয়াল গাঁথতে পারেন। যদি তিনি প্রতিদিন 8 ঘণ্টা কাজ করেন তাহলে তিনি কতদিনে দেওয়ালটি গাঁথতে পারবেন?

(a) 6 দিনে (b) 3 দিনে (c) 4 দিনে (d) 5 দিনে

56. রামের আয়ের 60%, শ্যামের আয়ের 50%-এর সমান। যদি রামের আয় 500 টাকা হয় তাহলে শ্যামের আয় কত?

(a) 700 টাকা (b) 550 টাকা (c) 600 টাকা (d) 610 টাকা

57. একটি বস্তুর ক্রয়মূল্য 9.50 টাকা। বিক্রয়মূল্য 11.40 টাকা হলে শতকরা লাভ কত?

(a) 20% (b) 17% (c) 18% (d) 19%

58. একটি কলম 10 টাকায় কিনে 15 টাকায় বিক্রি করা হল। শতকরা লাভ কত?

(a) 60% (b) 50% (c) 40% (d) 41%

59. একটি 150 মিটার লম্বা ট্রেন বিপরীত দিক থেকে 6 কিমি/ঘণ্টা বেগে আসা একটি লোককে 6 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত?

(a) 96 কিমি/ঘণ্টা (b) 84 কিমি/ঘণ্টা (c) 66 কিমি/ঘণ্টা (d) 80 কিমি/ঘণ্টা

60. A, B ও C তিনটি নল দ্বারা একটি চৌবাচ্চা 36 মিনিটে পূর্ণ হয়। তিনটি নল একত্রে 12 মিনিট চলার পর C নল বন্ধ করে দিলে, A ও B নল দ্বারা চৌবাচ্চাটি জলপূর্ণ হতে কত সময় লাগবে?

(a) 72 মিনিট (b) 36 মিনিট (c) 30 মিনিট (d) 65 মিনিট

61. আয়তক্ষেত্রের একদিকের বাহু 10% বৃদ্ধি ও অপরদিকের বাহু 20% হ্রাস পেলে, ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি বা হ্রাস পাবে?

(a) 12% বৃদ্ধি (b) 12% হ্রাস (c) 15% বৃদ্ধি (d) 15% হ্রাস

62. ছ'টি বিজোড় সংখ্যার গড় 7 হলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

(a) 10 (b) 7 (c) 14 (d) 12

63. বার্ষিক সুদের হার ও মেয়াদ সমান হলে 729 টাকার সরল সুদ যদি 144 টাকা হয়, তবে মেয়াদ কত?

(a) 4 বছর (b) $4\frac{4}{9}$ বছর (c) 5 বছর (d) $4\frac{2}{9}$ বছর

64. কোনও পরীক্ষায় পরীক্ষার্থীদের 80% ইংরেজিতে ও 85% অঙ্কে পাশ করল। যদি উভয় বিষয়ে 73% পাশ করে থাকে ও মোট পরীক্ষার্থীর সংখ্যা 400 হয়, তাহলে উভয় বিষয়ে কতজন পরীক্ষার্থী ফেল করেছিল?

(a) 34 জন (b) 30 জন (c) 36 জন (d) 32 জন

65. একটি জলের ট্যাঙ্ক একটি নল দ্বারা 10 মিনিটে পূর্ণ হয়। ওই ট্যাঙ্কের তলদেশে ছিদ্র থাকায় তার দ্বারা ট্যাঙ্কটি 20 মিনিটে খালি হয়। ছিদ্রটি বন্ধ না করে যদি জল ভরার নলটি খুলে দেওয়া হয়, তাহলে খালি ট্যাঙ্কটি পূর্ণ হতে কম সময় নেবে?

(a) 24 মিনিট (b) 18 মিনিট (c) 20 মিনিট (d) 22 মিনিট

66. আয়তক্ষেত্রের একদিকের বাহু 20% বৃদ্ধি এবং অপরদিকের বাহু 10% বৃদ্ধি পেলে, ক্ষেত্রফল কত বৃদ্ধি পাবে?

(a) 32% (b) 35% (c) 40% (d) 30%

67. $4^{61} + 4^{62} + 4^{63} + 4^{64} + 4^{65}$ সংখ্যাটি কত দ্বারা বিভাজ্য?

(a) 17 (b) 11 (c) 5 (d) 3

68. চিনির বাজারদর $12\frac{1}{2}$ % হ্রাস পাওয়ায়, একটি পরিবারের খরচ না কমিয়ে দ্রব্যটির ব্যবহার শতকরা কত বৃদ্ধি পাবে?

(a) 14% (b) $14\frac{2}{7}$ % (c) 15% (d) $13\frac{2}{7}$ %

69. $(6)^{12} \times (5)^{13} \times (7)^{23}$ এই গুণফলে কতগুলি মৌলিক উৎপাদক আছে?

(a) 50 (b) 60 (c) 70 (d) 75

70. একটি ঘনকের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 4 সেমি হলে, ঘনকের কর্ণের দৈর্ঘ্য কত?

(a) 4 সেমি (b) $3\sqrt{3}$ সেমি (c) $4\sqrt{3}$ সেমি (d) 3 সেমি

71. একটি ঘনকের বাহুর দৈর্ঘ্য 18 সেমি হলে ঘনকের আয়তন কত?

(a) 5832 ঘনসেমি (b) 5830 ঘনসেমি (c) 5800 ঘনসেমি (d) 5835 ঘনসেমি

72. একটি বৃত্তের ব্যাসার্ধ 21 সেমি হলে বৃত্তের পরিধির সমান পরিসীমাবিশিষ্ট বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত?


(a) 30 সেমি (b) 35 সেমি (c) 33 সেমি (d) 32 সেমি

73. দু'টি বৃত্তাকার চাকার দৈর্ঘ্য যথাক্রমে 10 সেমি ও 6 সেমি। ছোট চাকাটি 50 বার ঘুরে যে দূরত্ব অতিক্রম করে সেই একই দূরত্ব অতিক্রম করতে বড় চাকাটি কতবার ঘুরবে?

*এরপর বারোর পাতায়*

IIM PRIVATE INDUSTRIAL TRAINING INSTITUTE
Affiliation No. DGET-6/25/03/2010-TC, DGET-12/1/2016-TC
NCVT, Govt. of India দ্বারা অনুমোদিত নিম্নলিখিত
ITI কোর্সে ভর্তি চলছে
1. ELECTRICIAN 2. FITTER
3. INSTRUMENT MECHANIC
ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক ● কোর্সের সময়সীমা : ২ বছর
প্রাপ্ত সার্টিফিকেট রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সমস্ত চাকুরির ক্ষেত্রে প্রযোজ্য
IIM-ITI কলেজের বৈশিষ্ট্য :
◆ সকল ছাত্রছাত্রীদের নিশ্চিত চাকুরীর নির্ভরযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান।
◆ একাধিক ক্যাম্পাসিং-এ বসার সুযোগ
◆ প্রতি বছরই আমাদের ছাত্রছাত্রীরা সরকারী ও প্রখ্যাত বেসরকারী প্রতিষ্ঠানে চাকরীতে যোগদান।
◆ একাধিক বছর আমাদের বিজয়ী ছাত্রছাত্রীদের 'All India Skill Competition For Craftsman'-এ যোগদান
◆ উৎকর্ষ বাঙলায় পুরস্কার প্রাপ্ত
◆ ISO 2990-2010 স্বীকৃত ITI কলেজ
◆ NCVT Gradation প্রাপ্ত কলেজ
◆ ডিজিটাল অত্যাধুনিক ক্লাসের সুবন্দোবস্ত (E-Library Class)
◆ কন্যাশ্রী প্রকল্প ও SC, ST, OBC স্কলারশিপের ব্যবস্থা আছে, এছাড়া রেল কনসেশন দেওয়া হয়
যোগাযোগের ঠিকানা :
IIM PRIVATE INDUSTRIAL TRAINING INSTITUTE
35, M.B. Road, Udaypur / Haradayal School More, Belgharia, Kolkata - 700 049
Ph. : 033-2541-3001 / 2226-6433
8777759017/9641335132/8013406905
Website : www.iimkol.org

ANIHM এ হোটেল ম্যানেজমেন্ট ও হস্‌পিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরী
PLACEMENT Before 6 Months of Final Exam
Training & Placement in Famous International Hotel Chains, Resorts, Cruiseliners, Airlines Catering, IRCTC, Tourism, Shopping Malls, BPO's etc.
TILL TODAY ALL PASSED OUT STUDENTS ARE PLACED
আমরা গর্বিত আমাদের ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল সাফল্যে




Foreign Placement opportunity
Affordable Course Fee
Free Spoken English Program.
IT & Placement in 5 Star
Hostel Facility
Concession for ST, SC, OBC & Girls Student
*CONDITION APPLY
Kolkata Campus
DB-87, Sector - 1, Salt Lake City, Kol - 64. (Bus Stop CA Island)
North 24 Pgs. Campus
Habra, Ashoknagar (SHORTLY OPEN)



ANIHM
স্বনির্ভর করে, জীবন গড়ে দেয়।
SPECIAL OFFER TILL 30TH JUNE
ADI NALANDA INSTITUTE OF HOTEL MANAGEMENT
Contact : 033-40001218, 9831145633, 8617788304
e-mail : anihmkd@gmail.com

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

(a) 30 বার (b) 28 বার (c) 25 বার (d) 35 বার

74. একই দিক থেকে ভিন্ন গতিতে আসা দু'টি ট্রেন যদি একটি পোস্টকে যথাক্রমে 10 এবং 15 সেকেন্ডে অতিক্রম করে, তবে তারা কত সময়ে একে অপরকে অতিক্রম করবে?

(a) 60 সেকেন্ডে (b) 40 সেকেন্ডে (c) 30 সেকেন্ডে (d) 45 সেকেন্ডে

75. 1 থেকে 26 পর্যন্ত জোড়সংখ্যাগুলির বর্গের গড় কত?

(a) 252 (b) 250 (c) 245 (d) 300

76. একটি পাত্রে 24 লিটার দুধ আছে। পাত্রটি থেকে 4 লিটার দুধ তুলে নিয়ে সমপরিমাণ জল মিশ্রিত করা হল। এই পদ্ধতি 2 বার করার পর ওই পাত্রে দুধের পরিমাণ কত?

(a) 16 লিটার (b) $16\frac{2}{3}$ লিটার (c) 17 লিটার (d) $17\frac{1}{3}$ লিটার

77. P, Q ও R মিলে একটি ব্যবসা শুরু করল যথাক্রমে 1500, 3000 ও 4500 টাকা বিনিয়োগ করে। বছরের শেষে যদি 4200 টাকা লাভ হয়, তাতে Q-এর লভ্যাংশের পরিমাণ কত?

(a) 1500 টাকা (b) 1400 টাকা (c) 1000 টাকা (d) 1200 টাকা

78. এক ব্যবসায়ী ক্রয়মূল্যেই তার দ্রব্য বিক্রয় করে। কিন্তু বিক্রি করার সময় 1 কিলোগ্রামের পরিবর্তে 900 গ্রাম দ্রব্য বিক্রয় করেন। এতে তার কী হারে লাভ বা ক্ষতি হল?

(a) $11\frac{1}{9}$ % (b) 11% (c) $12\frac{1}{9}$ % (d) 12%

79. এক দোকানদার কোনও বস্তুর দাম 12% বৃদ্ধি করে, পরে 12% ছাড় দেয় তাহলে তার শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

(a) 1.45% লাভ (b) 1.44% ক্ষতি (c) 2% লাভ (d) 2.3% ক্ষতি

80. একজন ছাত্র একটি পরীক্ষায় 40% নম্বর পেলে পাশ করে। যদি সে 40 নম্বর পায় এবং 40 নম্বরের জন্য ফেল করে তাহলে পরীক্ষার সর্বাধিক নম্বর কত ছিল?

(a) 400 (b) 300 (c) 200 (d) 500

**নির্দেশ (81 & 82):** *প্রদত্ত তথ্যগুলি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দিন।*

*(i) A, B, C, D, E ও F একটি বৃত্তের কেন্দ্রের দিকে মুখ করে বৃত্তাকারে বসে আছে। (ii) D-এর ঠিক বাঁদিকেই আছে E। (iii) A এবং B-এর মাঝখানে C। (iv) A ও E -এর মাঝখানে F।*

81. C-এর ঠিক ডানপাশে কে বসে আছে?

(a) B (b) A (c) F (d) E

82. B-এর ঠিক বাঁদিকে কে বসে আছে?

(a) A (b) C (c) D (d) E

83. এক ব্যক্তি উত্তরমুখী হয়ে একটি স্থান থেকে যাত্রা শুরু করে। কিছুক্ষণ পর সে ডানদিকে বেঁকে গেল। এখন সে কোনদিকে মুখ করে হাঁটছে?

(a) উত্তর (b) পূর্ব (c) দক্ষিণ (d) উত্তর

84. যদি নীচের শব্দগুলি অভিধানে সাজানো হয় তবে শেষ শব্দের কোনটি হবে?

Entity, External, Entrance, Extra, Ensure

(a) Ensure (b) Extra (c) Entity (d) External

85. যদি A = 1, BAT = 23 হয়, তবে CAP = ?

(a) 21 (b) 22 (c) 27 (d) 20

**নির্দেশ (86 to 89):** *নীচের ? চিহ্ন স্থানে সঠিক সংখ্যা বসান।*

86. 67, 69, 72, 76, 81, _?_.

(a) 95 (b) 87 (c) 90 (d) 88

87. 6, 13, 25, 51, 101, _?_.

(a) 205 (b) 201 (c) 202 (d) 203

88. 28, 31, 33, 36, 34, _?_.

(a) 29 (b) 37 (c) 39 (d) 35

89. 1, 2, 10, 37, 101, _?_.

(a) 110 (b) 135 (c) 226 (d) 150

**নির্দেশ (90 to 93):** *অমিল বিকল্পগুলি খুঁজে নিয়ে লিখুন।*

90. (a) March (b) May (c) June (d) December

91. (a) 21 (b) 25 (c) 29 (d) 28

92. (a) 49 (b) 60 (c) 64 (d) 81

93. (a) Bankura (b) Kolkata (c) Birbhum (d) Odisha

94. পিতার বয়স তার পুত্রের বয়সের তিনগুণ। যদি দু'জনের বয়সের সমষ্টি 48 বছর হয় তবে পিতার বয়স কত?

(a) 40 বছর (b) 30 বছর (c) 32 বছর (d) 36 বছর

95. যদি BAT = 40, CAT = 60 হয়, তবে RAT = ?

(a) 80 (b) 180 (c) 420 (d) 360


96. যদি HOWRAH-কে একটি নির্দিষ্ট কোডে লেখা হয় 742015 এবং Sealdah-কে লেখা হয় 6318915, তবে READER-কে কীভাবে লেখা যায়?

(a) 031930 (b) 398910 (c) 035789 (d) 350189

97. যদি PALE-কে নির্দিষ্ট কোডে লেখা হয় 2134 এবং EARTH-কে লেখা হয় 41590, তবে PEARL-কে কীভাবে লেখা যায়?

(a) 24153 (b) 25430 (c) 29530 (d) 25413

98. 3-এর বিপরীতে কোনও সংখ্যা বসবে?





(a) 6 (b) 1 (c) 5 (d) 4

99. CONCENTRATE শব্দটি থেকে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?

(a) CONCERN (b) CENTRE (c) TREAT (d) REASON

100. নীচের কোন চিত্রটি ভাষা, ওড়িয়া ও উর্দুর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

### উত্তর

1(c), 2(b), 3(c), 4(b), 5(b), 6(d), 7(b), 8(c), 9(c), 10(c), 11(b), 12(c), 13(d), 14(c), 15(d), 16(c), 17(b), 18(c), 19(a), 20(d), 21(c), 22(a), 23(c), 24(a), 25(d), 26(a), 27(c), 28(c), 29(d), 30(b), 31(c), 32(b), 33(c), 34(b), 35(c), 36(d), 37(b), 38(d), 39(c), 40(c), 41(a), 42(b), 43(a), 44(b), 45(c), 46(b), 47(c), 48(d), 49(a), 50(b), 51(d), 52(c), 53(c), 54(a), 55(b), 56(c), 57(a), 58(b), 59(b), 60(a), 61(b), 62(a), 63(b), 64(d), 65(c), 66(a), 67(b), 68(b), 69(b), 70(c), 71(a), 72(c), 73(a), 74(a), 75(a), 76(b), 77(b), 78(a), 79(b), 80(c), 81(b), 82(c), 83(b), 84(b), 85(d), 86(b), 87(d), 88(c), 89(c), 90(c), 91(d), 92(b), 93(d), 94(d), 95(d), 96(a), 97(a), 98(b), 99(d), 100(a).

### সমাধান

51(d): 5 ঘণ্টায় যায় 20 কিমি

1 ঘণ্টায় যায় $\frac{20}{5} = 4$কিমি

∴ নৌকার প্রকৃত গতিবেগ = 4 + 3 = 7 কিমি/ঘণ্টা।

52(c): ট্রেনটি 9 সেকেন্ডে যায় 100 মিটার

ট্রেনটি 1 ঘণ্টা বা 3600 সেকেন্ডে যায় $\frac{100 \times 3600}{9 \times 1000}$ কিমি = 40 কিমি।

53(c): ধরি, দূরত্ব 20 কিমি

যেতে সময় লাগে 20 ÷ 5 = 4 ঘণ্টা, ফিরতে সময় লাগে 20 ÷ 4 = 5 ঘণ্টা

∴ 4 + 5 = 9 ঘণ্টায় যায় (20 + 20) = 40 কিমি

∴ 1 ঘণ্টায় যায় $\frac{40}{9} = 4\frac{4}{9}$ কিমি।

54(a): 12 দিনে চাষ করেন 6 বিঘা জমি

1 দিনে চাষ করেন $\frac{6}{12}$ বিঘা জমি, 36 দিনে চাষ করেন $\frac{6 \times 36}{12} = 18$ বিঘা।

55(b): রোজ 6 ঘণ্টা কাজ করলে দেওয়ালটি গাঁথা হয় 4 দিনে

রোজ 1 ঘণ্টা কাজ করলে দেওয়ালটি গাঁথা হয় 4 × 6 দিনে

রোজ 8 ঘণ্টা কাজ করলে দেওয়ালটি গাঁথা হয় $\frac{4 \times 6}{8} = 3$ দিনে।

56(c): ধরি, শ্যামের আয় = x টাকা

$\therefore 500 \times \frac{60}{100} = x \times \frac{50}{100}$

বা, 500 × 60 = x × 50 বা, $x = \frac{500 \times 60}{50} = 600$ টাকা।

57(a): এখানে, ক্রয়মূল্য = 9.50 টাকা, বিক্রয়মূল্য = 11.40 টাকা

∴ লাভ = (11.40 – 9.50) টাকা = 1.90 টাকা

9.50 টাকায় লাভ = 1.90 টাকা

1 টাকায় লাভ = $\frac{1.90}{9.50}$ টাকা

100 টাকায় লাভ $\frac{1.90 \times 100}{9.50} = 20$ টাকা।

58(b): কলমটি 10 টাকায় কিনে 15 টাকায় বিক্রি করা হলে লাভ = (15 – 10) = 5 টাকা

10 টাকায় লাভ হয় 5 টাকা, 1 টাকায় লাভ হয় $\frac{5}{10}$ টাকা

100 টাকায় লাভ হয় $\frac{5 \times 100}{10} = 50$ টাকা ∴ লাভের নির্ণেয় হার = 50%.

59(b): লোকটি 6 সেকেন্ডে যায় $\frac{6000}{3600} \times 6$ মিটার = 10 মিটার

ট্রেনটি 6 সেকেন্ডে যায় (150 – 10) = 140 মিটার

ট্রেনটি 3600 সেকেন্ডে যায় $\frac{140 \times 3600}{6 \times 1000}$ কিমি = 84 কিমি।

60(a): নির্ণেয় সময় = $\frac{36 \times 48}{(48-36)+12} = 72$ মিনিট।

61(b): নির্ণেয় হ্রাস = $(a - b) - \frac{ab}{100} = (10 - 20) - \frac{10 \times 20}{100}$

= – 10 – 2 = – 12% [∵ যেহেতু ঋণাত্মক তাই হ্রাস পাবে]

62(a): n সংখ্যক বিজোড় সংখ্যার গড় x হলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য =2(n – 1) = 2(6 – 1) = (2 × 5) = 10.

63(b): সময় (t) = x বছর

বার্ষিক সুদের হার (r) = x%

প্রশ্নানুসারে, $I = \frac{Ptr}{100}$ বা, $144 = \frac{729 \times x \times x}{100}$

বা, $729 \times x^2 = 14400$ বা, $x = \sqrt{\frac{14400}{729}} = \frac{40}{9} = 4\frac{4}{9}$ বছর।

64(d): 80% পরীক্ষার্থী ইংরেজিতে পাশ করেছে এবং তার মধ্যে 73% উভয় বিষয়ে পাশ করেছে

কেবলমাত্র ইংরেজিতে পাশ করেছে (80 – 73)% = 7%

কেবলমাত্র অঙ্কে পাশ করেছে (85 – 73)% = 12%

এক বিষয়ে বা দু'বিষয়ে পাশ করেছে (7 + 12 + 73)% = 92%

∴ উভয় বিষয়ে ফেল করেছে (100 – 92)% = 8%

ফেল করা পরীক্ষার্থীর সংখ্যা = $400 \times \frac{8}{100} = 32$ জন।

65(c): নল দিয়ে 1 মিনিটে পূর্ণ হয় $\frac{1}{10}$ অংশ

ছিদ্র দিয়ে 1 মিনিটে খালি হয় $\frac{1}{20}$ অংশ

ছিদ্র বন্ধ না করে নলটি খুলে দিলে 1 মিনিটে পূর্ণ হয় $\left(\frac{1}{10} - \frac{1}{20}\right)$ = অংশ

এরপর তেরোর পাতায়

# ২৫৫০ মহিলা কনস্টেবল

*গত সংখ্যার পর*

70(b): আপেক্ষিক গতিবেগ = (40 – 22) কিমি/ঘণ্টা = 18 কিমি/ঘণ্টা

$= 18 \times \frac{5}{18}$ মিটার/সেকেন্ড = 5 মিটার/সেকেন্ড

1 মিনিটে অতিক্রান্ত দূরত্ব = (5 × 60) মিটার = 300 মিটার

দ্বিতীয় ট্রেনটির দৈর্ঘ্য = (300 – 125) মিটার = 175 মিটার।

71(d): (1 + 2 + 4) = 7টি মুদ্রার মোট মূল্য = (1 × 1.00) + (2 × 0.50) + (4 × 0.25) = 3 টাকা

মুদ্রাসংখ্যা = $393 \times \frac{7}{3} = 917$.

72(d): স্বামী, স্ত্রী ও সন্তানের বর্তমান মোট বয়স = 3 × 20 বছর

5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর মোট বয়স ছিল = 2 × 23 বছর

স্বামী ও স্ত্রীর বর্তমান মোট বয়স = 2 × 23 + 2 × 5 = 2 (23 + 5) বছর = 2(23 + 5) বছর

সন্তানের বর্তমান বয়স = 3 × 20 – 2(23 + 5) = 4 বছর।

73(a): 12, 18 এবং 27-এর ল.সা.গু. = 108

(12 – 10) = (18 – 16) = (27 – 25) = 2

চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা = 9999

9999-কে 108 দ্বারা 92 বার ভাগ করা যায়

নির্ণেয় সংখ্যা = (108 × 92) – 2 = 9936 – 2 = 9934.

74(d): প্রথম দিন ভ্রমণ করে = $120 \times \frac{5}{6} = 100$ কিমি

তৃতীয় দিন ভ্রমণ করে = $100 \times \frac{5}{4} = 125$ কিমি।

75(a): প্রকৃত লাভ $\left\{\left(15 + 20) + \frac{15 \times 20}{100}\right)\right\}\% = (35 + 3)\% = 38\%$.

76(d): ধরি, C একা কাজটি z দিনে করে

$\frac{5 \times 4 \times z}{5 \times 4 + 5 \times z + 4 \times z} = 2$ বা, 20z = 40 + 18z বা, z = 20 দিন।

77(c): মাঠের বাইরের ব্যাসার্ধ = R এবং ভিতরের ব্যাসার্ধ = r ধরা হলে 2π (R – r) = 88 বা, $(R - r) = 88 \times \frac{7}{2 \times 22} = 14$ মিটার

বৃত্তাকার রাস্তার প্রস্থ (R – r) = 14 মিটার।

78(b): বহুভুজটির বাহুসংখ্যা n ধরা হলে $\{2(n - 2) \times 90^\circ\} = 1620^\circ$

বা, (n – 2) × 180 = 1620 বা, (n – 2) = 9 = 11

বহুভুজটির বাহুসংখ্যা = 11.

79(c); 1 থেকে 400 পর্যন্ত মোট সংখ্যা 400টি

সুতরাং মোট জোড়সংখ্যা 400 ÷ 2 = 200টি

সূত্রানুসারে, নির্ণেয় যোগফল 200(200 +1) = 40200.

80(c): 125 দ্বারা বিভাজ্যতার নিয়ম হল সংখ্যাটির শেষ তিনটি অঙ্ক 000 হবে বা 125 দিয়ে বিভাজ্য। প্রদত্ত অঙ্কগুলি দিয়ে গঠিত সংখ্যার শেষ তিনটি অঙ্ক 125 বা 375 হলেই তা 125 দিয়ে বিভাজ্য, সুতরাং নির্ণেয় সংখ্যাগুলি হল 37125 এবং 12375, 21375 অর্থাৎ মোট 4টি।

81(b): প্রতিযোগী ছাড়া কোনও প্রতিযোগিতাই শুরু করা যায় না।

82(a): Ranger উল্টো করে লিখলে Ragner হয়, অনুরূপ ভাবে Table-কে উল্টো করে লিখলে Elbat হয়।

83(b): নাটক পরিচালনা করেন পরিচালক, অনুরূপ ম্যাগাজিন সম্পাদনা করেন সম্পাদক।

84(b): 3 × 0 = 0, 4 × 1 = 4, 5 × 2 = 10, 6 × 3 = 18, 7 × 4 = 28.

85(c): স্ত্রী — বিয়ে — শিশু — বাবা।

86(d): ধোঁয়ার ক্ষতিকর ফল দূষণ। একইভাবে যুদ্ধের খারাপ ফল হল ধ্বংস।

87(c): একমাত্র কোহিমা হল একটি রাজ্যের রাজধানী। বাকিগুলি হল বিভিন্ন রাজ্য।

88(d): 25 + 27 = 52, 23 + 30 = 53, 21 + 33 = 54

তেমনই, ? + 36 = 55 বা, ? = 55 – 36 = 19.

89(c): প্রাণীগুলিকে ওদের আকার অনুযায়ী সাজাতে হবে।

90(a): প্রদত্ত শব্দে কোনও 'A' নেই।

91(c): LEADER → XMKOMN.

92(c): মন-সংক্রান্ত বিদ্যা যেমন সাইকোলজি তেমনি বাগান-সংক্রান্ত বিদ্যা হল হর্টিকালচার।

93(d): $10^3 = 1000$, $12^3 = 1728$.

95(a): zyx_w_w_x_yz/z_y_xwwxy_z_.

96(c): একমাত্র তিমি বাদে বাকিগুলি ডিম পাড়ে।

97(c):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| G | R | E | A | T | শেষ |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | থেকে |
| 20 | 9 | 22 | 26 | 7 | স্থান |
| R | A | T | E | | শেষ |
| ↓ | ↓ | ↓ | ↓ | | থেকে |
| 9 | 26 | 7 | 22 | | স্থান |

98(c): বাকিগুলি সব বর্গসংখ্যা।

99(c): A × B × C = 6 → 1 × 2 × 3 = 6

D × E × F = 120 → 4 × 5 × 6 = 120

H × I × ? = 360 → 8 × 9 × 5 = 360

5 = E.

100(b): 6 × 8 + 3 = 51, 15 × 4 + 5 = 65, 20 × 5 + 20 = 120.

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ২৫৫০ মহিলা কনস্টেবল

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

$=\frac{1}{20}$ অংশ, $\frac{1}{20}$ অংশ পূর্ণ হয় 1 মিনিটে

1 অংশ পূর্ণ হয় 20 মিনিটে।

66(a): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $(a+b)+\frac{ab}{100}=(20+10)+\frac{20\times10}{100}$

$=30+2=32\%$.

67(b): $4^{61}+4^{62}+4^{63}+4^{64}+4^{65}=4^{61}(1+4^1+4^2+4^3+4^4)$

$=4^{61}(1+4+16+64+256)=4^{61}\times341$

341 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

68(b): ব্যবহার বৃদ্ধি পাবে $=\left(\frac{x}{100-x}\times100\right)\%=\left(\frac{12\frac{1}{2}}{100-12\frac{1}{2}}\times100\right)\%$

$=14\frac{2}{7}\%$.

69(b): $(6)^{12}\times(5)^{13}\times(7)^{23}=(3\times2)^{12}\times(5)^{13}\times(7)^{23}$

∴ মোট মৌলিক উৎপাদক $=(12+12+13+23)=60$.

70(c): ঘনকের কর্ণের দৈর্ঘ্য $=a\sqrt{3}=4\sqrt{3}$ সেমি।

71(a): ঘনকের আয়তন $=a^3=18^3=5832$ ঘনসেমি।

72(c): বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $=\frac{\pi r}{2}=\frac{\frac{22}{7}\times21}{2}=33$ সেমি।

73(a): বড় চাকাটি ঘুরবে $=\frac{6\times50}{10}=30$ বার।

74(a): নির্ণেয় সময় $=\frac{2\times10\times15}{15-10}=60$ সেকেন্ড।

75(a): নির্ণেয় গড় $=\frac{(n+1)(n+1)}{3}=\frac{(26+1)(26+2)}{3}=\frac{27\times28}{3}=252$

76(b): নির্ণেয় দুধের পরিমাণ $=24\left(\frac{24-4}{24}\right)^2$ লিটার $=\frac{24\times20\times20}{24\times24}$ লিটার

$=\frac{50}{3}$ লিটার $=16\frac{2}{3}$ লিটার।

77(b): $P:Q:R=15000:30000:45000=1:2:3$


Q-এর লভ্যাংশের পরিমাণ $=\frac{2\times4200}{1+2+3}=1400$ টাকা।

78(a): লাভের হার $=\frac{1000-900}{900}\times100\%=\frac{100}{9}=11\frac{1}{9}\%$.

79(b): ক্ষতির পরিমাণ $=\frac{(12)^2}{100}\%=\frac{144}{100}=1.44\%$.

80(c): পরীক্ষা সর্বাধিক নম্বর ছিল $=\frac{100(40+40)}{40}=\frac{100\times80}{40}=200$.

(81 and 82):




81(b):, 82(c):.

83(b):




85(d): B A T → ②+ ①+ ⑳ ⇒ 23 ∴ C A P → 3 + 1 + 16 ⇒ [20]

86(b): $67 \xrightarrow{+2} 69 \xrightarrow{+3} 72 \xrightarrow{+4} 76 \xrightarrow{+5} 81 \xrightarrow{+6} 87$

87(d): $6 \xrightarrow{(\times2)+1} 13 \xrightarrow{(\times2)-1} 25 \xrightarrow{(\times2)+1} 51 \xrightarrow{(\times2)-1} 101 \xrightarrow{(\times2)+1} \boxed{203}$

88(c): $28 \xrightarrow{+5} 33 \xrightarrow{-2} 31 \xrightarrow{+5} 36 \xrightarrow{-2} 34 \xrightarrow{+5} \boxed{39}$

89(c): $1 \xrightarrow{+(1)^3} 2 \xrightarrow{+(2)^3} 10 \xrightarrow{+(3)^3} 37 \xrightarrow{+(4)^3} 101 \xrightarrow{+(5)^3} \boxed{226}$

94(d): ধরি, পুত্রের বয়স = x বছর

পিতার বয়স = 3x বছর

এখন, 3x + x = 48 বা, x = 12 বছর

পিতার বয়স = 12 × 3 = 36 বছর।

95(d): BAT = 20 × 2 = 40 [∵B-এর alphabetical position = 2]
CAT = 20 × 3 = 60, ∴ RAT = 18 × 20 = 360 [∵R-এর alphabetical position = 18]

96(a):

| H | O | W | R | A | H | |
|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | |
| 7 | 4 | 2 | 0 | 1 | 5 | |
| S | E | A | L | D | A | H |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 6 | 3 | 1 | 8 | 9 | 1 | 5 |

∴

| R | E | A | D | E | R |
|---|---|---|---|---|---|
| 0 | 3 | 1 | 9 | 3 | 0 |

97(a):

| P | A | L | E | | E | A | R | T | H |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 2 | 1 | 3 | 4 | | 4 | 1 | 5 | 9 | 0 |

∴

| P | E | A | R | L |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 2 | 4 | 1 | 5 | 3 |

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*


(a) 1 (b) 2 (c) 3 (d) 4

68. পরপর কোন সংখ্যাগুলির বিয়োগ ফল 2। এরকম ক'টি জোড়া পাওয়া যাবে?
6 4 1 2 2 8 7 4 2 1 5 3 8 6 2 2 7 1 4 1 3 5 8 6
(a) 4 (b) 5 (c) 6 (d) 8

69. C A, B-এর ভাই। C, A-এর মা। D, C-এর বাবা, E, B-এর ছেলে। তাহলে D সম্পর্কে A-এর কে হয়?
(a) দাদু (b) বাবা (c) কাকা (d) ছেলে

70. যদি 12 × 9 = 810 এবং 15 × 9 = 513 হয় তাহলে 13 × 8 = ?
(a) 104 (b) 411 (c) 108 (d) 410

71.




(a) 18 (b) 17 (c) 16 (d) 20

**উত্তর**

1(a), 2(b), 3(b), 4(b), 5(b), 6(b), 7(a), 8(c), 9(a), 10(c), 11(d), 12(a), 13(c), 14(b), 15(a), 16(b), 17(d), 18(c), 19(b), 20(d), 21(d), 22(b), 23(b), 24(b), 25(c), 26(a), 27(b), 28(a), 29(a), 30(b), 31(c), 32(c), 33(a), 34(b), 35(c), 36(b), 37(d), 38(d), 39(a), 40(b), 41(d), 42(d), 43(a), 44(c), 45(b), 46(a), 47(d), 48(c), 49(c), 50(b), 51(c), 52(c), 53(b), 54(d), 55(c), 56(c), 57(b), 58(d), 59(b), 60(a), 61(d), 62(b), 63(b), 64(c), 65(b), 66(b), 67(d), 68(b), 69(a), 70(d), 71(b).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা*




www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯ পোস্টম্যান ও মেলগার্ড

প্রথম পাতার পর

তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পূর্ব কলকাতা: ১৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। উত্তর কলকাতা: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কলকাতা জি পি ও: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। আলিপুর: ১টি (সাধারণ)। মধ্য কলকাতা: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নর্থ প্রেসিডেন্সি: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। বীরভূম: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। বারাসাত: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নদিয়া-উত্তর: ২টি (সাধারণ)। মুর্শিদাবাদ: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। সাউথ প্রেসিডেন্সি: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। আসানসোল: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। বর্ধমান: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। বাঁকুড়া: ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। কাঁথি ১টি (সাধারণ)। হাওড়া: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেদিনীপুর: ১১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নর্থ হুগলি: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। সাউথ হুগলি: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। পুরুলিয়া: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। তমলুক: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। মালদা: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। জলপাইগুড়ি: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কোচবিহার: ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। দার্জিলিং: ১৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। সিকিম: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। দিনাজপুর: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ: ২টি (সাধারণ)।

মেলগার্ড: কলকাতা রেলওয়ে মেল সার্ভিস: ১টি (সাধারণ ১)। রেলওয়ে মেল সার্ভিস শিলিগুড়ি: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। কলকাতা এয়ারপোর্ট সর্টিং ডিভিশন: ১টি (সাধারণ)। রেলওয়ে মেল সার্ভিস এইচ ডিভিশন: ১টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। **বয়স:** ১৭-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২১,৭০০-৩৬,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ (২৫ নম্বর), অঙ্ক (২৫ নম্বর), ইংরেজি (২৫ নম্বর) এবং স্থানীয় ভাষা (২৫ নম্বর)। প্রশ্ন হবে মাধ্যমিক স্তরের। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা (০০১), শিলিগুড়ি (০০২), গ্যাংটক (০০৩), পোর্ট ব্লেয়ার (০০৪), মেদিনীপুর (০০৫), হাওড়া (০০৬), বর্ধমান (০০৭) এবং বহরমপুর (০০৮)।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://pmgwbrecruit.in/wbpmgjune18/ অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই। মনে রাখবেন, প্রার্থী যে-কোনও একটি ডিভিশনের শূন্যপদেই দরখাস্ত করতে পারবেন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর ইউনিক রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে প্রার্থীর ই-মেলে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে ১২০ টাকা (ই-পেমেন্ট কমিশন ২০ টাকা-সহ)। এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও এক্সামিনেশন ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, ফি পেমেন্ট চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২০ জুলাই, সেক্ষেত্রে ১৭ জুলাইয়ের মধ্যে রেজিস্ট্রেশন করে থাকতে হবে।

ই-পেমেন্ট সুবিধাযুক্ত পোস্ট অফিসের তালিকা-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের সরকারি হাসপাতালে ৫৯০ ফার্মাসিস্ট

প্রথম পাতার পর

ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ফার্মাসিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল ফার্মাসি কাউন্সিলে ফার্মাসিস্ট ('এ' ক্যাটেগরি) হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা এবং কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, উচ্চমাধ্যমিক ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার মার্কশিট এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় লগ ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে (হেড অব অ্যাকাউন্ট: ০০৫১-০০-১০৪-০০২-১৬)। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২৮ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি এইমসে ৫৫১ নার্সিং অফিসার

প্রথম পাতার পর

আই এফ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড থাকতে হবে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), কালো বা নীল কালিতে করা সই (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডি এল এড কোর্সে ভর্তি-প্রক্রিয়া শুরু

প্রথম পাতার পর

ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। ৩-৯-২০০১ তারিখের আগে নিয়োগ হওয়া কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। সরকারি নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মীরা বয়সের ছাড় পাবেন।

প্রার্থী যে-মাধ্যমে প্রশিক্ষণ নিতে চান সেই ভাষাটি উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি পড়ে থাকা বাধ্যতামূলক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbbpe.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৬ জুন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো, সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট- কার্ড বা বার্থ সার্টিফিকেট, উচ্চমাধ্যমিকের মার্কশিট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), কর্মরতদের ক্ষেত্রে ইন-সার্ভিস সার্টিফিকেট (প্রতিটি ২০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে, ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৩০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৫০ টাকা)। ফি দেওয়া যাবে ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা মোবাইল ওয়ালেট বা ক্যাশ কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

একই ভাবে, অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে ৪৮০ ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

অসম-সহ দেশের আটটি রাজ্যে। প্রার্থী বাছাই করা হবে একটি ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৮ জুলাই।

**রাজ্য অনুসারে শূন্যপদের বিন্যাস:** কর্নাটক: ৬০টি, তেলঙ্গানা: ৬০টি, মধ্যপ্রদেশ: ৬০টি, উত্তরপ্রদেশ: ৬০টি, হরিয়ানা: ৬০টি, বিহার: ৬০টি, রাজস্থান: ৬০টি এবং অসম: ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের পাশ নম্বর থাকলেই চলবে। শাখা-সহ বিষয়গুলি হল: ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং। ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে ইনফর্মেশন সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৬-২০১৮ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৩,০০০ টাকা।

শূন্যপদ ও বয়সের ক্ষেত্রে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে যথাক্রমে সংরক্ষণ ও ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ওয়াক-ইন-ইন্টারভিউ কেন্দ্রের তালিকা ২ জুলাই প্রকাশিত হবে সংস্থার ওয়েবসাইটে। ওয়েবসাইটটি হল: www.bel-india.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bel-india.com ২৩ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউটটি ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যেতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তর ২৪ পরগনায় ৬৫৮ অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা

প্রথম পাতার পর

হিঙ্গলগঞ্জ, কামারহাটি, কাঁচড়াপাড়া, খড়দহ (শহর), মিনাখাঁ, নৈহাটি (শহর), উত্তর ব্যারাকপুর (শহর), দক্ষিণ দমদম, স্বরূপনগর, টিটাগড়, অশোকনগর, বাদুড়িয়া, বসিরহাট (শহর), বনগাঁ (গ্রামীণ), হাবড়া-১, হাড়োয়া-১, হাড়োয়া, হাসনাবাদ, রাজারহাট, হাবড়া (শহর) এবং মধ্যমগ্রাম। সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির অন্তর্গত গ্রামপঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা এবং পৌরসভা এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দারাই আবেদন করবেন।

**অঙ্গনওয়াড়ি কর্মী:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই প্রকল্পের অন্তর্গত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

**অঙ্গনওয়াড়ি সহায়িকা:** শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। প্রার্থীকে অবশ্যই প্রকল্পের অর্ন্তগত সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে এগুলি কোনও স্থায়ী সরকারি চাকরি নয়। নির্বাচিত প্রার্থীরা সরকারের নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন। **সাম্মানিক ভাতা:** প্রতি মাসে অঙ্গনওয়াড়ি কর্মীদের ক্ষেত্রে ৪,৮৫০ টাকা এবং অঙ্গনওয়াড়ি সহায়িকার ক্ষেত্রে ৩,৩৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.north24parganas.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যেএকটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং আড়াআড়িভাবে সই করে দেবেন।
- ✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে আধার কার্ড বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল এবং সাংসদ বা মন্ত্রী বা স্থানীয় বিধায়ক বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস ডি ও বা বি ডি ও বা পঞ্চায়েত সমিতির সভাপতি বা গ্রাম পঞ্চায়েত প্রধান বা পৌরসভার চেয়ারম্যান বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত শংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর প্রার্থীর নাম, ঠিকানা, প্রকল্প-অঞ্চল বা ওয়ার্ডের নাম এবং যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ১৩ জুলাই বিকেল ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট ব্লকের শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের অফিসে। দরখাস্ত পাঠানো যাবে ডাকের মাধ্যমেও।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৭-র সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ) এক্সামিনেশনের** মাধ্যমে গ্রুপ এ ও গ্রুপ বি পদে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট নেওয়া হবে ২৮ জুন থেকে। পার্সোন্যালিটি টেস্টের কল লেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbonline.gov.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

□

**বিজ্ঞপ্তি নম্বর 7/2018 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত ভেটেরিনারি অফিসার পদে নিয়োগের ইন্টারভিউ নেওয়া হবে ২৮ জুন থেকে। ইন্টারভিউয়ের কল লেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbonline.gov.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এয়ারফোর্সে এয়ারম্যান

বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে ০২/২০১৯ ব্যাচে গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে এডুকেশন ইনস্ট্রাক্টর ট্রেড এবং গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে অটোমোবাইল টেকনিশিয়ান, গ্রাউন্ড ট্রেনিং ইনস্ট্রাক্টর, ইন্ডিয়ান এয়ারফোর্স (পুলিশ), ইন্ডিয়ান এয়ারফোর্স (সিকিউরিটি) এবং মিউজিশিয়ান ট্রেড ছাড়া অন্যান্য ট্রেডে। শুধুমাত্র অবিবাহিত পুরুষরাই আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে: অঙ্ক, ফিজিক্স ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা নির্দিষ্ট নিম্নলিখিত শাখার যে-কোনওটিতে সরকার অনুমোদিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। শাখাগুলি হল: **মেকানিক্যাল বিভাগের ক্ষেত্রে** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিজাইন অ্যান্ড ড্রাফটিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ফাউন্ড্রি টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (মেশিন টুল মেইনটেন্যান্স অ্যান্ড রিপেয়ার্স), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (টুল অ্যান্ড ডাই), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ফেব্রিকেশন টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ক্যাড/ক্যাম ডিজাইন অ্যান্ড রোবোটিক্স), মেকানিক্যাল (অ্যাডভান্স ম্যানুফ্যাকচারিং টেকনোলজি), ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, মেকট্রনিক্স। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিংয়ে অ্যাডভান্স ডিপ্লোমা করে থাকলেও আবেদন করা যাবে। **ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/আই টি বিভাগের ক্ষেত্রে** ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স (মাইক্রোপ্রসেসর), ইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাভিওনিক্স, ইলেক্ট্রনিক্স (ফাইবার অপটিক্স), ইলেক্ট্রনিক্স (রোবোটিক্স), ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি।

গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে: যে-কোনও শাখায় ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

গ্রুপ 'ওয়াই' মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে: ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি পড়ে থাকতে হবে। ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

গ্রুপ 'এক্স'-এর মতো শিক্ষাগত যোগ্যতা থাকলে দু'টি গ্রুপের জন্যই আবেদন করা যাবে। সেক্ষেত্রে পরীক্ষা হবে একইসঙ্গে। প্রার্থীর মেধা, প্রবণতা ইত্যাদির ভিত্তিতে গ্রুপ নির্ধারিত হবে। ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাধারীরা শুধু গ্রুপ 'এক্স'-এর জন্য আবেদন করতে পারবেন।

**বয়স:** প্রার্থীর জন্মতারিখ হতে হবে ১৪-৭-১৯৯৮ থেকে ২৬-৬-২০০২-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। অপারেশনস অ্যাসিস্ট্যান্টস ট্রেডের ক্ষেত্রে ন্যূনতম ৫৫ কেজি ওজন হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। পায়ের দৈর্ঘ্য অন্তত ৯৯ সেমি হলে গ্রুপ 'এক্স'-এর মেকানিক্যাল সিস্টেম ফিটার এবং অটোমোবাইল ফিটার ট্রেডের জন্য বিবেচিত হতে পারবেন।

**দৃষ্টিশক্তি:** গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে প্রতি চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। বর্ণ চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। গ্রুপ 'ওয়াই'-এর অপারেশনস অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে প্রতি চোখে ৬/১২, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। অন্য সব ট্রেডের ক্ষেত্রে প্রতি চোখে ৬/৩৬, ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। বর্ণ চেনার ক্ষমতা: অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট এবং লজিস্টিক্স অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে সি পি-থ্রি এবং অন্য সব ট্রেডের ক্ষেত্রে সি পি-টু মানের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা, অ্যাডাপ্টেবিলিটি টেস্টের মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন।

পরীক্ষা ১৩ সেপ্টেম্বর থেকে ১৬ সেপ্টেম্বর। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স এবং গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ১ ঘণ্টার ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ মিনিটের পরীক্ষা। একইসঙ্গে দুই গ্রুপের পরীক্ষার্থীদের পরীক্ষার জন্য মোট সময় ১ ঘণ্টা ২৫ মিনিট। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০টি পুশ আপ, ১০টি সিট আপ এবং ২০টি স্কোয়াট।

জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং দেওয়া হবে বর্নাটকের বেসিক ট্রেনিং ইনস্টিটিউটে। তার পর ট্রেড অনুযায়ী প্রশিক্ষণ হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম গ্রুপ এক্স-এর ক্ষেত্রে ৩৩,১০০ টাকা এবং গ্রুপ ওয়াই-এর ক্ষেত্রে ২৬,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার ওয়ারেন্ট অফিসার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.airmenselection.cdac.in, www.careerindianairforce.cdac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৩ জুলাই থেকে ২৪ জুলাই পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পছন্দের ক্রমানুসারে পাঁচটি কেন্দ্র উল্লেখ করে দেবেন।

## দরখাস্তের সময় আপলোড করবেন

✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। ফটো তোলার সময় একটি স্লেটে প্রার্থীর নাম ও তারিখ লিখে সামনে ধরে ফটো তুলতে হবে। ২০১৮-র জুন মাসের আগে তোলা ফটো চলবে না। ✓প্রার্থীর সই ও বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (উভয়ই ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। ✓নাবালক প্রার্থীর ক্ষেত্রে অভিভাবকের সই। ✓মাধ্যমিকের সার্টিফিকেট। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়া অফলাইনে ফি জমা দেওয়া যাবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে অ্যাক্সিস ব্যাঙ্কের যে-কোনও শাখায়। অনলাইনে ফি দিলে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর সেটির রঙিন প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০১১) ২৫৬৯-৪২০৯/৯৬০৬।

# কোচবিহারে স্বাস্থ্যকর্মী

ল্যাব টেকনিশিয়ান, স্টাফ নার্স ও মেডিক্যাল অফিসার পদে ১৮ জনকে নিয়োগ করবে কোচবিহার জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল আর্বান হেলথ মিশন ও ন্যাশনাল রুরাল হেলথ মিশন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২৮৫৬।

শূন্যপদের বিবরণ: **আই সি টি সি ল্যাব টেকনিশিয়ান:** ৭টি (সাধারণ ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-ই সি ২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট প্যারামেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। সেইসঙ্গে ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই কম্পিউটার জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে এবং এম এস অফিস ব্যবহারে দক্ষতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১-৬-২০১৮ তারিখে ৬০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা। **স্টাফ নার্স (এন ইউ এইচ এম):** ৩টি (সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-৬-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (এন আর এইচ এম):** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস। বয়স: ১-৬-২০১৮ তারিখে ৬৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ জুন। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)-র ক্রসড ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'DH&FWS NON NHM MOTHER A/C COOCH BEHAR'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর লিখবেন: Application for the post of ____ for CMOH Office Cooch Behar দরখাস্ত ২৯ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Office of the CMOH & Secretary, Dist. Health & Family Welfare Samity, Cooch Behar, Lalbag, Debibari Road, Cooch Behar. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ৯০ হাজার শূন্যপদে ২ কোটি ৩৭ লক্ষ প্রার্থী
# রেলের পরীক্ষা আরও পিছোচ্ছে

**নিজস্ব প্রতিনিধি:** বিপুল প্রার্থীসংখ্যার কারণে রেলের গ্রুপ 'সি' পদগুলির পরীক্ষা আরও পিছোচ্ছে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির একটি সম্মিলিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) এবং অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ানের প্রায় ৯০ হাজার শূন্যপদে মোট ২ কোটি ৩৭ লক্ষ দরখাস্ত জমা পড়েছে। এই বিপুল সংখ্যক প্রার্থীর আবেদনপত্র যাচাই এবং যথাযথ পরিকাঠামোর ব্যবস্থা করে পরীক্ষা আয়োজনের জন্য আরও সময় প্রয়োজন। ফলে পূর্বঘোষিত সময়ে পরীক্ষার আয়োজন করা যায়নি। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, প্রস্তুতির প্রক্রিয়া সম্পূর্ণ হলেই পরীক্ষার দিনক্ষণ ঘোষণা করা হবে।

প্রসঙ্গত, সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০১/২০১৮ ও ০২/২০১৮ অনুসারে যথাক্রমে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ানের ২৬,৫০২টি এবং গ্রুপ 'সি' লেভেল-ওয়ানের (পূর্ববর্তী গ্রুপ 'ডি'-র) ৬২,৯০৭টি শূন্যপদে প্রার্থী বাছাইয়ের জন্য এপ্রিল/মে মাস নাগাদ কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে বলে উল্লিখিত দুই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল। গ্রুপ 'সি' লেভেল-ওয়ান পদগুলির ক্ষেত্রে একটিই পরীক্ষা হবে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট এবং টেকনিশিয়ানের পদ দু'টির ক্ষেত্রে দুই পর্বের পরীক্ষা হবে। এক্ষেত্রে প্রথম পর্বের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষাটি আয়োজিত হওয়ার কথা ছিল ওই এপ্রিল/মে মাসেই। নির্দিষ্ট সময় পেরোতেই প্রার্থীরা উদ্বিগ্ন হয়ে পড়েন। অতঃপর রেলের তরফে বিজ্ঞপ্তি দিয়ে পরীক্ষা পিছনোর কথা সরকারিভাবে জানানো হল।

ওয়াকিবহাল মহলের বক্তব্য, বিশ্বের বৃহত্তম নিয়োগের ঘটনা এটি। প্রার্থী সংখ্যা যে বিপুল হবে তা প্রত্যাশিতই ছিল। তাই সময়মতো পরীক্ষার আয়োজন করতে না পারা ব্যর্থতাই।

## অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনে নিখরচায় হাতের কাজের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** হাওড়া ও হুগলি জেলার বেকার তরুণ-তরুণীদের নিখরচায় বিভিন্ন ট্রেডে হাতের কাজের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। ভারত সরকারের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা প্রকল্পের আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে। অন্তত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। থাকা-খাওয়া ও প্রশিক্ষণ বাবদ কোনও খরচ নেই। প্রশিক্ষণ হবে এইসব ট্রেডে: অটোমোবাইল সার্ভিস টেকনিশিয়ান, রিটেল ট্রেনিং অ্যাসোসিয়েট, ইলেক্ট্রিশিয়ান, মোবাইল ফোন টেকনিশিয়ান, কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ। শুধু হাওড়া ও হুগলি জেলার তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করবেন। প্রশিক্ষণ আয়োজিত হবে এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (অম্বুজা সিমেন্ট কারখানার ভিতরে), ধুলাগড়, পোঃ সাঁকরাইল, হাওড়া। আগ্রহীরা ভর্তির জন্য এখনই উপরোক্ত ঠিকানায় যোগাযোগ করতে পারেন। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৯৮৩৬৪-৪৭৫৫২।

# বর্ডার সিকিউরিটি ফোর্সে ২০৭

বিভিন্ন ট্রেডে ২০৭ জন কনস্টেবল নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। এটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। গ্রুপ 'সি' পদে নিয়োগ করা হবে মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ ক্যাডারে।

**ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস:** ভেহিক্যাল মেকানিক ৫০টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩)। অটো ইলেক্ট্রিশিয়ান ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩)। ওয়েল্ডার ১৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩)। আপহোলস্টার ২২টি (সাধারণ ১৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২)। টার্নার ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২)। কার্পেন্টার ২০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩)। স্টোর কিপার ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১)। পেইন্টার ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। ভালকানাইজ/অপারেটর টায়ার রিপেয়ার প্ল্যান্ট ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। ফিটার ১১টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ২)। ব্ল্যাক স্মিথ/টিন স্মিথ ১৫টি (সাধারণ ১৩, তফসিলি উপজাতি ২)।

মোট শূন্যপদের মধ্যে ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** [illegible] বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ অথবা কোনও স্বীকৃত ফার্মে সংশ্লিষ্ট ট্রেডে ৩ বছরের অভিজ্ঞতা। বয়স: ২২-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bsf.nic.in পূরণ করবেন যথাযথভাবে। নির্দিষ্ট ঠিকানায় দরখাস্ত পৌঁছতে হবে ২২ জুলাইয়ের মধ্যে। দরখাস্ত পাঠাবার ঠিকানা, দরখাস্তের সঙ্গে কী কী নথিপত্র জমা দিতে হবে, ফি-সম্পর্কিত তথ্য প্রভৃতি বিষয়ে বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

2018-20 সেশনে ভর্তি চলছে
B.Ed. / D.El.Ed.
BARASAT SUBHAS CHANDRA COLLEGE OF EDUCATION
Affiliated to WBUTTEPA & WBBPE. Recognised by NCTE
Digital Class & Instalment Facility
9073421580
8697132020
Patincha, Mirhati, Barasat, North 24 Parganas, W.B
Web : www.bscce.org

Admission in B.Ed 2018
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700109 | Ph: 8697743361/ 8697743362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয় ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com তে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

FREE TRAINING FOR SC/ST
Some seats are available for undergoing training in Stenography, O' Level Computer Software & Computer Hardware maintenance course for SC/ST candidates, Trainees will be given Rs.1000/- per month.
For details contact:-
SREO, NCSC for SC/ST, EN-81, Sector-V, Salt Lake, Kolkata-91. Phone: 033-23572008

Admission 2018 for Law
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara, Kolkata - 700 109, W.B
Landline: 033 2563 6677 | Phone: 86977 43361/ 86977 43362
JIS UNIVERSITY, affiliated to UGC & accredited by Bar Council of India, invites admission for the session 2018-19. The courses offered are: LLB (3 years) and Integrated BBA-LLB (5 years). Eligibility for LLB is minimum 45% in any discipline (40% in case of SC/ST) and for Integrated BBA-LLB is minimum 45% in any discipline (40% in case of SC/ST). Interested students can call JIS University directly in the above given phone numbers or log on to www.jisuniversity.ac.in for further information. Scholarships will be provided to meritorious students.

Combined Technical ব্যাচ শুরু 1st July (12.00 P.M.) থেকে।
RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.
তারকেশ্বর, জেলা : হুগলি
আমাদের কোনো শাখা নেই
M. : 8820022385, 9681026768
FOR ITI, DIPLOMA & B.TECH STUDENTS : RAIL (SSE, JE, ALP, Technician), SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL
FOR MP, HS & Graduate students : RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GRD' etc.
ALP, Technician & Gr'D' স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে
চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ মিঃ সুকুমার পাত্রের বিশেষ গাইডে নিয়ে আপনিও হতে পারেন ভারতীয় রেল পরিবারের একজন